বিষয়ঃ জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ারিং

প্রবিধানঃ ২০২২

পর্বঃ ৪র্থ

বিভাগঃ পুবকৌশল

ক্লাস শুরুঃ ২০/০৮/২৩

বিষয় কোডঃ ২৬৪৪৫

T	P	C
2	3	3

শিক্ষকঃ রত্নজিৎ পিয়াল

জুনিয়র ইন্সট্রাক্টর (থন্ডকালীন)

সিলেট পলিটেকনিক ইন্সটিটিউট, সিলেট।

Compiled By: Mr. Ratnajit Pial

Geotechnical Engineering
Course Code : 26445

Presented by

Ratnajit Pial
Junior Instructor (PT)
Department of Civil Technology
Sylhet Polytechnic Institute,Sylhet-3100
Email : Engrratnajitpial@gmail.com

Objectives of this Course

- To understand of the origin,composition, classification & properties of soil.
- To assist in understanding the plasticity characteristics and hydraulic properties of soil.
- To assist in understanding the consolidation of soil.
- To assist in understanding the lateral earth pressure of soil.
- To provide in understanding of the siteinvestigation and method of sample collection.
- To provide basic field skill for collection of soil sample.
- To provide basic labpratory skill required to determine soil propertise and to perform the relevant calculations.

Short outlines of this Course

Introduction to geotechnical engineering; Preliminary definition and simple tests; Particle size of soil; Plasticity characteristic of soil; Hydraulic propertise of soil; Consolidation characteristic of soil; Subsurface investigation; Lateral earth pressure; Bearing capacity of soil.

জিওটেকনিক্যাল সম্পর্কিত কিছু কথাঃ

জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ারিং হলো পুরকৌশলের একটি শাখা। মূলত ভূ-ত্বকের উপাদান তথা মাটির গুণাগুণ বিশ্লেষণ, মাটির শক্তিমাত্রা গবেষণা, মাটিতে ইমারতের ভিত বা বুনিয়াদ নির্মাণ ইত্যাদি বিষয় নিয়ে আলোচনা করা হয় পুরকৌশলের এই শাখায়।

Compiled By: Mr. Ratnajit Pial

Chapter 01

Basic Concept of Geotechnical Engineering

What is Soil ?





Soil is any naturally-occurring, unconsolidated (loose) material on the surface of the earth, which will support plant growth. A soil or soil deposit may be defined as all naturally occurring, loose / uncemented / weakly cemented / relatively unconsolidated mineral particles, organic or inorganic in character, lying over the bed rock which is formed by weathering (disintegration) of rocks.

Classification of Soil Particle(According to Size)

Soil particle size classification

Course grain

Fine grain

	Grain size(mm)			
Name of Organization	Gravel	Sand	Silt	Clay
MIT classification (Massachusetts Institute of Technology)	>2	2 to 0.06	0.06 to 0.002	<0.002
US dept. of Agriculture (USDA)	>2	2 to 0.05	0.05 to 0.002	<0.002
AASHTO classification	76.2 to 2	2 to 0.075	0.075 to 0.002	<0.002
Unified soil classification system	76.2 to 4.75	4.75 to 0.075	0.075 to 0.002	<0.002

Textural classification of Soil



If clay is 60%,sand is 70% & silt is 40% in a soil sample then the soil sample is called clayed soil.

Scope of Soil Engineering

থাকা অত্যাবশ্যক। নিচে পুর প্রকৌশলীদের প্রধান প্রধান সমস্যার উত্তরণে মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার প্রয়োগগত দিক উল্লেখ করা হলো–

(ক) ভিত্তি ডিজাইন ও নির্মাণ ঃ যে-কোনো কাঠামোর অন্যতম অংশ ভিত্তি। পুরকৌশল নির্মাণ কাঠামোসমূহের (Civil Engineering Stucture) ইমারত, ব্রিজ, সড়ক, টানেল, খাল, বাঁধ-ভিত্তি ইত্যাদি ভূপৃষ্ঠে বা অভ্যন্তরে তৈরি করতে হয়। তাই এগুলোর জন্য মাটির ভারবহন ক্ষমতা, পীড়ন নেয়ার মাত্রা, পীড়ন এলাকার বিস্তৃতি, দেবে যাওয়ার প্রবণতা, ভূনিম্নস্থ পানির প্রভাব, কম্পনে আক্রান্ত হওয়ার প্রবণতা ইত্যাদি সম্পর্কে জানার প্রয়োজনীয়তা দেখা দেয়। ভিত্তির ধরন নির্বাচনে (গভীর ভিত্তি, অগভীর ভিত্তি, স্প্রেড ফুটিং, ওয়েল ভিত্তি, পাইল ভিত্তি ইত্যাদি) মাটির স্তর, ভূনিম্নস্থ পানির অবস্থান, মাটির ভারবহন ক্ষমতা, মাটির সংকোচন ও স্ফীত হয়ার প্রবণতা (swelling) ইত্যাদির উপর নির্ভর করতে হয়। তাই ভিত্তি নির্মাণ ও ডিজাইনে প্রকৌশলীদের মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার জ্ঞান থাকা আবশ্যক। যখন নির্মাণের ভার উপরের স্তরের মাটিই বহনে সক্ষম হয়, তখন অগভীর ভিত্তি ডিজাইন করতে হয়। যখন নির্মাণের ভার ভূ-অভ্যন্তরের গভীরে কোনো নির্দিষ্ট স্তরে স্থানান্তরের দরকার পড়ে,

১.২ক)–



চিত্র ঃ ১.২(ক) গভীর ও অগভীর ভিত্তি

Scope of Soil Engineering

(খ) পাকা রাস্তার পেভমেন্ট ডিজাইনে ঃ রাস্তার পেভমেন্ট দু'ধরনের হতে পারে, যথা– নমনীয় ও অনমনীয়। উভয় ক্ষেত্রেই রাস্তার উপযোগিতা এদের ভিত্তিতলের মাটির উপর বহুলাংশে নির্ভর করে। পেভমেন্টের পুরুত্ব ও অন্যান্যাংশ ডিজাইনের জন্য পূর্বাহ্নে ভিত্তিতলের মাটির চারিত্রিক বৈশিষ্ট্যাদি সম্পর্কে জানা আবশ্যক। অধিক যানবাহন চলাচলকারী ব্যস্ত রাস্তায় পুনঃপুন ভার অর্পিত হওয়ায় ফেটিক নিষ্ফলতা (Fatique failure) দেখা দিতে পারে। এতদভিন্ন ভূতলে পানির অবস্থানের জন্য তুষার ক্রিয়া (Frost action)-জনিত সমস্যা সমাধানে এবং সড়ক ও রেলপথ নির্মাণের জন্য উপযোগী মাটি নির্বাচন, কাদা মাটির উপর স্থাপিত পেভমেন্টে পাম্পিং ক্রিয়াজনিত (pumping action) সমস্যা উত্তরণে ও মৃত্তিকার মান উন্নয়নে মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার সহায়তা গ্রহণ করতে হয়।

তাই মৃত্তিকা প্রযুক্তিবিদ্যা রাস্তার পেভমেন্ট ও অন্যান্য ক্ষেত্রে অত্যাবশ্যকীয় ভূমিকা



চিত্র ঃ ১.২(খ) পেভমেন্টের বিভিন্নাংশ

Scope of Soil Engineering

(গ) ভূনিম্নস্থ কাঠামো ডিজাইন ঃ ভূনিম্নস্থ কাঠামো– টানেল, সেফট, কালভার্ট ইত্যাদি– ডিজাইন ও নির্মাণে এদের উপরস্থ মাটির ওজন ও অন্যান্য উদ্ভূত মৃত্তিকা শক্তির ক্রিয়া এবং তাদের প্রভাব সম্পর্কে জানার দরকার হয়। মৃত্তিকা প্রযুক্তিবিদ্যা এগুলো সম্পর্কে বিস্তারিত আলোচনা করে বিধায় এগুলোর ডিজাইন ও নির্মাণে মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার জ্ঞান থাকা আবশ্যক। চিত্র ঃ ১.২(গ)-তে ভূনিম্নস্থ কাঠামোর চিত্র দেখানো হলো–



চিত্র ঃ ১.২(গ) ভূনিম্নস্থ কাঠামো

(ঘ) ঠেস কাঠামো ডিজাইন ঃ মাটির কাঠামো নির্মাণকালে স্থানের সংকুলান না হলে মাটি স্তূপীকৃত করার কালে পর্যাপ্ত নিরাপদ ন মৃত্তিকাকে সঠিক স্থানে যথাযথ অবস্থায় রাখার জন্য কাঠামো নির্মাণ করতে হয়। এটি ডিজাইনকালে লর ক্রিয়া সম্পর্কে মৃত্তিকা প্রযুক্তিবিদ্যা জ্ঞান দান করে। তাই ঠেস কাঠামো ও শিট পাইল ডিজাইনে এর ঃ ১.২(ঘ)-তে ঠেস দেয়াল ও শিট পাইলের ছবি দেখানো হলো–



চিত্র ঃ ১.২(ঘ) ঠেস কাঠামো

(ঙ) মাটি খনন ও মাটি ভরাটের ডিজাইন ঃ যে-সকল ক্ষেত্রে মাটি অনুভূমিক তলে অবস্থান করে না, ঐ সকল ক্ষেত্রে মাধ্যাকর্ষণ-জনিত কারণে উপরের স্তরের মাটি নিচের দিকে পতিত হয় এবং মাটির কাঠামোতে বিপত্তি ঘটায়। এক্ষেত্রে মাটির শিয়ার (Shear) নেয়ার শক্তি এবং এর সাথে সম্পর্কিত অন্যান্য দিক সম্পর্কে জেনে মাটি ভরাটের জন্য ঢালের মাত্রা, ভরাটের উচ্চতা এবং মাটি খননের ক্ষেত্রে ঢালের মাত্রা ও খননের গভীরতা ডিজাইন করতে হয়। মাটি খননের সময় পানি চুয়ানের ফলে মাটির শক্তি হ্রাস পায়। তাই ডিজাইনকালে মাটিতে পানি চুয়ানোর প্রবণতা আছে কি না সে দিকে লক্ষ রাখতে হয়। মাটির শক্তি বৃদ্ধি এবং পানি চুয়ানোর প্রবণতা হ্রাসকল্পে মাঝে মাঝে ভূনিম্নস্থ পানি নিষ্কাশন করতে হবে কি না তাও ডিজাইনকালে বিবেচনায় আনতে হয়। গভীর খনন

Scope of Soil Engineering

কাজে পাশের মাটি ধসের সম্ভাবনা আছে কি না এবং খননকালে পাড়ের মাটি ঠেস দিয়ে আটকাতে হবে কি না এবং পানি প্রবাহ ও মাটিকে স্থানচ্যুতি হতে রক্ষার জন্য শিট পাইল ব্যবহার করতে হবে কি না ইত্যাদি জানার জন্য মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার উপর নির্ভ করতে হয়। নিচের চিত্রে মাটি ভরাট ও খননের ঢালের ছবি দেখানো হলো– (চিত্র ঃ ১.২ঙ)



চিত্র ঃ ১.২(ঙ) মাটি খনন ও মাটি ভরাট

(চ) মাটির বাঁধ ডিজাইন ঃ মাটির বাঁধ নির্মাণ ও ডিজাইনের ক্ষেত্রে মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার জ্ঞানের পরিপূর্ণতা থাকতে হয়। কেন এতে শুধুমাত্র মাটিই নির্মাণসামগ্রী হিসেবে ব্যবহৃত হয়। মাটি সমসত্ত্ব বা অসমসত্ত্ব যে-কোনো ধরনের হোক না কেন এর সূচ বৈশিষ্ট্যাদি, ঘনত্ব, নম্যতা বৈশিষ্ট্যাদি, আপেক্ষিক গুরুত্ব, কণার আকৃতি, কণার আকার বিতরণ, কনসলিডেশন ও কম্প্যাকশ বৈশিষ্ট্য, শিয়ার স্ট্রেংথ ইত্যাদি সম্পর্কে জানতে হয়। বাঁধের উপযোগী মাটি নির্বাচনের জন্য মাটি জরিপ করতে হয়। বাঁধ ডিজাইন মাটির সর্বোচ্চ ঘনত্বের জন্য কম্প্যাকশনের ক্ষেত্রে সর্বাধিক পানির পরিমাণ জানতে হয়। বাঁধের ঢাল নির্ধারণ, মাটিতে পানি চ্যানে মাত্রা, ভিত্তির মাটি দেবে যাওয়ার প্রবণতা, ভূকম্পনে আক্রান্ত হওয়ার প্রবণতা ইত্যাদি জানার প্রযুক্তিবিদ্যাই এসব তথ্যাদি প্রদান করে। তাই মাটির বাঁধ ডিজাইনে মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার ভূমিকা

া– (চিত্র ঃ ১.২চ)



চিত্র ঃ ১.২(চ) মাটির বাঁধ

(ছ) বিবিধ ঃ মৃত্তিকা প্রযুক্তিবিদ্যা মাটিসংক্রান্ত বিবিধ সমস্যার সমাধান করে। এ বিদ্যা মৃত্তিকায় তুষার ক্রিয়ার প্রবণতা, ভূ ধস, মাটির সংকোচন ও স্ফীত হওয়া (Swelling) ইত্যাদি সমস্যার উত্তরণে কার্যকরী ভূমিকা সম্পাদন করে। এটি জেটি, টার্মিনা পোতাশ্রয় ইত্যাদির জন্য সমুদ্র বা নদীর তীরস্থ স্থান নির্বাচন ও মৃত্তিকার বৈশিষ্ট্য বিবেচনায় বিভিন্ন কাঠামো ডিজাইনে প্রয়োজনী তথ্যাদি প্রদান করে।

Limitations of Soil Engineering

মৃত্তিকা প্রযুক্তিবিদ্যাকে পুরোপুরি বিজ্ঞানসম্মত ভাবা যায় না। মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার অনেকগুলো সীমাবদ্ধতা আছে। তাই বাস্তব ক্ষেত্রে মৃত্তিকা সংক্রান্ত সমস্যার সমাধানে সীমাবদ্ধতাগুলো স্মরণ রাখা আবশ্যক। নিচে প্রধান প্রধান সীমাবদ্ধতাগুলো দেয়া হলো—

১। চাপ, নিষ্কাশন ব্যবস্থা ও অন্যান্য পারিপার্শ্বিক অবস্থার উপর মাটির চারিত্রিক আচরণ ও শক্তি অনেকাংশে নির্ভর করে। তাই মৃত্তিকা সংক্রান্ত সমস্যায় এগুলো অবশ্যই বিবেচনায় আনতে হবে।

২। মৃত্তিকার পীড়ন ও বিকৃতির ক্ষেত্রে স্থিতিস্থাপকতা তত্ত্ব কার্যকর নয়। তাই মৃত্তিকার ক্ষেত্রে এ তত্ত্ব ব্যবহার করাও ঠিক নয়।

৩। প্রত্যেক স্থানের মৃত্তিকার স্বকীয়তা বিদ্যমান অর্থাৎ অবস্থানের পরিবর্তনে মাটির গুণাগুণ, ধর্ম, বৈশিষ্ট্য ইত্যাদিতে পরিবর্তন দেখা যায় বিধায় এক প্রজেক্টের ফলাফল ও অভিজ্ঞতা অবিকল অবস্থায় অন্য প্রজেক্টে ব্যবহার করা যায় না।

৪। মৃত্তিকার ভূনিম্নস্থ অবস্থা সম্পর্কে জানার জন্য পর্যাপ্ত অনুসন্ধান কার্য সম্পাদন করতে হয়। কেননা বাহ্যিক পর্যবেক্ষণে ভূনিম্নস্থ মৃত্তিকা স্তরের সঠিক অবস্থা জানা অসম্ভব।

৫। মৃত্তিকা খুবই অনুভূতিপ্রবণ, সামান্য আলোড়নেই এর গুণাগুণে পার্থক্য প্রদর্শন করে। কাজেই বিভিন্ন নিরীক্ষার ফলাফল সতর্কতার সাথে ব্যাখ্যা-বিশ্লেষণ করে নিতে হয়।

৬। মৃত্তিকার মতো অনুভূতিপ্রবণ ও স্থানের পরিবর্তনে গুণাগুণের পরিবর্তন, এরূপ সামগ্রীর জন্য জটিল সূক্ষ্মতম অংকের ফলাফলের উপর নির্ভর করা যায় না।

৭। মৃত্তিকায় কাঠামো নির্মাণকালে মৃত্তিকার আচরণগত কারণে ডিজাইনের পরিবর্তন সাধন করতে হতে পারে। কেননা নির্মাণ-কার্য চলাকালে মৃত্তিকার গুণাগুণে পরিবর্তন সাধিত হতে পারে, এমনকি নির্মাণকার্য সমাপ্তির পরও পরিবর্তন হতে পারে।

৮। মৃত্তিকা ত্রিসামগ্রীর [কঠিন (মাটিকণা), তরল (পানি) ও বায়বীয় (বাতাস) পদার্থের] সমন্বয়ে গঠিত। এ সামগ্রীত্রয়ের আনুপাতিক হারের উপরও এর আচরণগত বৈশিষ্ট্যের পরিবর্তন ঘটে।

৯। মৃত্তিকা এমন এক সামগ্রী, যার দানাগুলো পরস্পরের আপেক্ষিকতায় স্থান পরিবর্তন করতে পারে এবং দানাগুলোর স্থান পরিবর্তনের সাথে সাথে এর চারিত্রিক আচরণেরও পরিবর্তন হয়।

১০। মৃত্তিকা প্রযুক্তিবিদ্যা একটি নবজাত বিজ্ঞান। কাজেই এর উন্নয়নের সাথে তাল মিলিয়ে কার্যক্ষেত্রে প্রয়োগ করা বাঞ্ছনীয়।

Grain Size Distribution Curve of Soil

১৯৩০ সালে মিঃ জি. গিলবয় (Mr. G. Gillboy) মৃত্তিকা কণার আকারের উপর ভিত্তি করে তুলনামূলক খুবই সহজসরল ও যুক্তিপূর্ণ মেট্রিক পদ্ধতির একটি শ্রেণিবিন্যাসের সুপারিশ করেছিলেন, যা এম.আই.টি. (MIT) শ্রেণিবিন্যাস নামে পরিচিত। এ পদ্ধতিতে নমুনা মৃত্তিকাকে চালনি বিশ্লেষণের মাধ্যমে মৃত্তিকা কণার আকার বিতরণ (grain size distribution) রেখা অঙ্কন করে নির্দিষ্ট সীমার আওতাধীন বিভিন্ন আকারের দানাসমূহের শতকরা হার হিসেব করে কতকগুলো আঙ্কিক মান নির্ণয় করা হয়। এদের মধ্যে কার্যকরী আকার (Effective grain size) D_{10} এবং সাম্যতা গুণাঙ্ক বা সমতার সহগ (Uniformity co-efficient) $C_u = \frac{D_{60}}{D_{10}}$ উল্লেখযোগ্য। D_{10} বলতে বুঝায় 10% কণার আকার কার্যকরী আকার অপেক্ষা সূক্ষ্ম এবং 90% স্থূল। উক্ত মৃত্তিকা কণার আকার বিতরণ রেখা হতে বক্রতার গুণাঙ্ক বা বক্রতার সহগ (Co-efficient of curvature) C_z ও নির্ণয় করা যায়। $C_z = \frac{(D_{30})^2}{D_{10} \times D_{60}}$। সুবিন্যস্ত বালির ক্ষেত্রে $C_u > 6$ এবং $3 > C_z > 1$ এবং সুবিন্যস্ত গ্রেভেলের ক্ষেত্রে $C_u > 4$ এবং $1 < C_z < 3$ হয়ে থাকে। (চিত্র ঃ ১.৫)। তা ছাড়াও যে-কোনো নমুনা মাটির উক্ত বিতরণ রেখা হতে ঐ নমুনায় মাটি কণার শতকরা হার (ওজনে)সহ আকার, মাটির বিন্যস্ততা জানা যায়। যেমন, উক্ত রেখাটি মোটামুটি উল্লম্ব হলে সমবিন্যস্ত (Uniformed graded) মাটি, অ

ত্যাদি।



চিত্র ঃ ১.৫

প্রসঙ্গত উল্লেখ্য, উদ্ধৃত মৃত্তিকা কণার উপর ভিত্তি করে প্রদত্ত শ্রেণিবিভাগগুলোর মধ্যে এমআইটি (MIT) ও ইউনিফাইড (Unified) শ্রেণিবিভাগ পদ্ধতি ফাউন্ডেশন ইঞ্জিনিয়ারগণ, এ.এ.এস.এইচ.ও (AASHO) শ্রেণিবিভাগ হাইওয়ে ইঞ্জিনিয়ারগণ, এবং ইউনিফাইড (Unified) শ্রেণিবিভাগ ড্যাম ও এয়ারপোর্ট ডিজাইনের ইঞ্জিনিয়ারগণ সচরাচর ব্যবহার করে থাকেন।

(MIT = Massachusetts Institute of Technology)

Grain Size Distribution Curve of Soil

উদাহরণ-১। চিত্র-১.৫ এর ডান পাশের মৃত্তিকাটির C_u (সমতার সহগ) ও C_z (বক্রতার সহগ) নির্ণয় কর।

সমাধান: চিত্র অনুযায়ী ডান পাশের মৃত্তিকাটির $D_{10} = 0.16mm$, $D_{30} = 0.50mm$ এবং $D_{60} = 1.40mm$.

নির্ণেয় সমতার সহগ, $C_u = \frac{D_{60}}{D_{10}} = \frac{1.40}{0.16} = 8.75 > 6$

নির্ণেয় বক্রতার সহগ, $C_z = \frac{(D_{30})^2}{D_{10} \times D_{60}} = \frac{(0.50)^2}{.16 \times 1.40}$ =

∴ নমুনাটি SW.

[✪ সাম্য গ্রেডের (Uniformly graded) মৃত্তিকার C_z-এর মান একক এর কাছাকাছি এবং সুবিন্যস্ত (Well graded) মৃত্তিকার জন্য C_z-এর মান 1 হতে 3-এর মধ্যে। এছাড়াও গ্র্যাভেলের জন্য $C_u > 4$ এবং বালির জন্য $C_u > 6$, শর্তদ্বয়ের ব্যতিক্রমে মৃত্তিকা অবিন্যস্ত (Poorly graded)]

উদাহরণ-২। $D_{10} = 0.10$ মিমি, $D_{30} = 0.30$ মিমি, এবং $D_{60} = 1.9$ মিমি হলে মাটির সমতা সহগ ও বক্রতার সহগ নির্ণয় কর।

[বাকাশিবো-২০০০, ১০]

সমাধান: নির্ণেয় সমতার সহগ, $C_u = \frac{D_{60}}{D_{10}} = \frac{1.90}{10} = 19$

নির্ণেয় বক্রতার সহগ, $C_z = \frac{(D_{30})^2}{D_{10} \times D_{60}} = \frac{(0.30)^2}{0.10 \times 1.90} = 0.47$

উত্তর ঃ সমতার সহগ = 19 এবং বক্রতার সহগ = 0.47

Field Test of Soil

নিচের সহজ পরীক্ষাগুলোর মাধ্যমে কার্যক্ষেত্রে মৃত্তিকার ধরন শনাক্ত করা যায়–

নমুনা মৃত্তিকাকে সমতল পৃষ্ঠে বিছিয়ে খালি চোখে দেখলে যদি 50% এর অধিক মৃত্তিকা কণা দৃষ্টিগোচর হয়, তবে উক্ত নমুনা মাটি স্থুলদানার মৃত্তিকা (Coarse grained soil), অন্যথায় সূক্ষ্মদানার মৃত্তিকা (Fine grained soil)। কেননা সূক্ষ্মদানার মৃত্তিকা কণার আকার 75μ, যার দানা খালি চোখে দেখা যায় না। পলি ও কাদা সূক্ষ্মকণার মৃত্তিকা।

১। **স্থুলকণার মৃত্তিকা** (Coarse grained soil) ঃ স্থুলদানার মৃত্তিকায় (ক) নুড়ি আকারের (gravel size) কণা (4.75–80 মিমি) (খ) বালি আকারের (sand size) কণা (75μ–4.75 মিমি) এবং কিয়ৎ পরিমাণে গ) পলি ও কাদা (silt & clay) কণা (৭৫μ নিম্ন) থাকতে পারে। নুড়ি আকারের কণা 4.75 মিমি অপেক্ষা বড় বিধায় খালি চোখে দেখেই শনাক্ত করা যায়। যদি বালি আকৃতির কণা অপেক্ষা নুড়ি আকৃতির কণা অধিক হয়, তবে নমুনা মৃত্তিকা নুড়ি (gravel) অন্যথায় বালি (sand)। বালি ও নুড়ি উভয় ধরনের মৃত্তিকাতে যদি 5% এর কম সূক্ষ্মদানার মৃত্তিকা থাকে, তবে এগুলোকে পরিষ্কার দেখাবে।

২। **সূক্ষ্মদানার মৃত্তিকা** (Fine grained soil) ঃ মৃত্তিকার নমুনা সূক্ষ্মদানার হলে নিম্নোক্ত পরীক্ষাগুলোর মাধ্যমে শনাক্ত করা যায়–

(ক) ঝাঁকুনি পরীক্ষা বা বিস্তৃতি পরীক্ষা (Shaking test or dilatancy test) ঃ কিছু নমুনা মৃত্তিকায় প্রয়োজনীয় পরিমাণে পানি মিশিয়ে নরম পেস্টের ন্যায় তৈরি করে এক হাতের তালুতে নিয়ে অনুভূমিকভাবে ঝাঁকাতে থাকলে এবং অপর হাতের সাথে মাঝে মাঝে পৃষ্ঠে পানি ভেসে উঠবে এবং চকচকে দেখাবে। এবার নমুনা মৃত্তিকাসহ মুষ্টি ছেড়ে দিলে পানি ও চকচকে ভাব উভয়ই অদৃশ্য হয়ে যাবে। নমুনা মৃত্তি... বৃহত্তর হবে উক্ত বিক্রিয়াগুলো তত দ্রুততর হবে। সাধারণত সূক্ষ্মদানার মৃত্তিকার মধ্যে পলিমাটিতে উক্ত বিক্রিয়া দ্রুত এবং কাদার পরিমাণ মাত্রা বৃদ্ধির সাথে সাথে ক্রমশ ধীরে ধীরে এবং মিহি কলোয়েডাল কাদায় কোনো বিক্রিয়াই ঘটবে না (চিত্র ঃ ১.৭ক)।

চিত্র ঃ ১.৭(ক) ঝাঁকুনি পরীক্ষা

Field Test of Soil

(খ) থিতানো পরীক্ষা (Dispersion test) ঃ কিছু পরিমাণ নমুনা মৃত্তিকা এক গ্লাস (কাচের) পানিতে ভালোভাবে নেড়ে থিতাতে দিলে দেখা যায় যে, বালিকণা 30–60 সেকেন্ড, পলিকণা 15–60 মিনিট এবং কাদাকণা কয়েকদিনে গ্লাসের তলায় থিতাবে (চিত্র ঃ ১.৭খ)।



চিত্র ঃ ১.৭(খ) তিথানো পরীক্ষা

(গ) দু'আঙ্গুলের মাঝে রেখে ঘষে শনাক্তকরণ ঃ দু'আঙ্গুলে এক চিমটি নমুনা মৃত্তিকা নিয়ে ঘষলে যদি মিহি অনুভূত হয় তবে নমুনাটি কাদামাটি আর যদি দানাদার অনুভূত হয় তবে নমুনাটি বালিমাটি। যদি আঙ্গুলে নমুনা মৃত্তিকার দাগ পড়ে এবং ঝাড়া দিলে সহজে দাগ মুছে যায় তবে পলিমাটি।

(ঘ) শুকিয়ে শনাক্তকরণ ঃ নমুনা মৃত্তিকার হালকা পেস্ট কাচের পাতের উপর হালকা পুরুত্বে লেপন করে শুকাতে দিলে যদি দ্রুত শুকায় এবং পৃষ্ঠদেশে ফাটল দেখা দেয়, তবে নমুনাটি পলিমাটি আর যদি ধীরে শুকায় এবং পৃষ্ঠে ফাটল না দেখা দেয় তবে নমুনাটি কাদামাটি।

(ঙ) পানিতে ডুবিয়ে শনাক্তকরণ ঃ নমুনা মৃত্তিকার ছোট টুকরা পানিপূর্ণ স্বচ্ছ গ্লাস বা বিকারে রেখে দিলে যদি কম সময়ে টুকরাটি আপনা-আপনি ভেঙে যায় তবে নমুনাটি পলিমাটি আর যদি দীর্ঘ সময় পর ভাঙে বা আদৌ না ভাঙে তবে নমুনাটি কাদামাটি।

(চ) টাফনেস টেস্ট (Toughness test) ঃ ঝাঁকানো পরীক্ষার জন্য ব্যবহৃত পানি মিশ্রিত নরম নমুনা মৃত্তিকার মতো মৃত্তিকা হাতের তালুতে অনবরত বিস্তৃত ও ভাঁজ করার (Working & remoulding) মাধ্যমে শুষ্ক করে পুঁতির মতো কনসিসটেন্সিতে (Consistency) আনয়ন করা হয়। মৃত্তিকার নম্যতার (Plasticity) উপর শুষ্ককরণের সময়ের পরিমাণ নির্ভর করে। এ কাদা দিয়ে 3 মিলিমিটার ব্যাসের দড়ি (thread) তৈরি করা হয়। দড়ি তৈরির জন্য দু'হাতের তালুর সাহায্যে পাকান (roll) হয় অথবা সমতল পৃষ্ঠের উপর এক হাতের তালু দিয়েও পাকানো যায়। দড়ি তৈরিকালে টুকরা টুকরা (Crumble) হয়ে যাওয়ার পূর্বপর্যন্ত দড়িকে ভাঁজ করে পুনরায় দড়ি তৈরি করা হয় (চিত্র ঃ ১.৭গ)। এতে হাতের তাপে কাদার পানি বাষ্পীভূত হয় এবং নমুনার পানির পরিমাণ হ্রাস পায়। দড়ি

র্বপর্যন্ত নমুনায় যে পরিমাণ পানি থাকে, তাই নম্
। যে পরিমাণ প্রতিরোধ সৃষ্টি করে, তাই উক্ত নমু


চিত্র ঃ ১.৭(গ) নম্যতা পরীক্ষা

দড়ি টুকরা টুকরা হয়ে গেলে এ টুকরাগুলো দিয়ে পিণ্ডের ন্যায় তৈরি করে পুনঃপুন মন্থন করলে পিণ্ডও টুকরা টুকরা হয়ে যাওয়া আরম্ভ করে। নম্যতা সীমায় মৃত্তিকা দড়ির টাফনেস অধিকতর এবং পিণ্ড খণ্ড খণ্ড হওয়ার কালে মৃত্তিকা খণ্ডের টাফনেসের পরিমাণ অধিক। পানির পরিমাণ নম্যতা সীমার কম হলে টাফনেসের পরিমাণ কম হয়। মৃত্তিকায় কলোয়েডাল কাদার পরিমাণের উপর মৃত্তিকার টাফনেসের (Toughness) মাত্রা নির্ভর করে। সাধারণত কাদা মৃত্তিকার পেস্টকে পাকিয়ে (roll) 3 মিমি ব্যাসের দড়ির ন্যায় করা যায়। কিন্তু পলিমাটির ক্ষেত্রে দড়ি তৈরি করা সম্ভব হয় না।

(ছ) শুষ্ক শক্তি পরীক্ষা (Dry strength test) ঃ নমুনা মৃত্তিকায় তৈরি ছোট ছোট ঘনক আকৃতির টুকরাকে রৌদ্রের তাপে বা চুল্লির তাপে বা বাতাসে শুকিয়ে দুই আঙুলের চাপে ভাঙতে যে পরিমাণ চাপের দরকার হয়, তার উপর ভিত্তি করে মৃত্তিকার ধরনশ্বলা যায়। পলিমাটির ক্ষেত্রে কম চাপে এবং কাদা মাটির ক্ষেত্রে অধিক চাপে ঘনকগুলো ভাঙা যায়। শুষ্ক শক্তি পরীক্ষার মাধ্যমে মত্তিকার নম্যতা বুঝা যায়। মৃত্তিকায় কলোয়েডাল কণার পরিমাণের উপর মৃত্তিকার শুষ্ক শক্তির মাত্রা নি

য় এবং জৈব গন্ধযুক্ত, আংশিক ক্ষয়প্রাপ্ত
হিসেবে শনাক্ত করা যায়।


চিত্র ঃ ১.৭(ঘ) শুষ্ক শক্তি পরীক্ষা

অধ্যায়-১

জিওটেকনিক্যাল ইঞ্জিনিয়ারিং এর ধারণা

এ অধ্যায়ের উল্লেখযোগ্য বিষয়সমূহঃ

১. সংজ্ঞা

২. মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার আওতা

৩. মৃত্তিকার উৎপত্তি ও গঠন

৪. মৃত্তিকার প্রযুক্তিবিদ্যার সীমাবদ্ধতা

৫. মৃত্তিকার ফিল্ড টেস্ট

৬. মৃত্তিকার সাধারণ ধর্মাবলি

Compiled By: Mr. Ratnajit Pial

★সংজ্ঞা★

জিওটেকনিক্যাল হচ্ছে ইঞ্জিনিয়ারিং এর একটি শাখা। মাটি বা পাথরের এর উপর স্ট্রাকচার এর প্রভাব এবং এদের বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করে এই শাখাটি। ভুগর্ভের সিপেজ, ভুমিকম্পের প্রভাব, স্থিতিশিলতা ইত্যাদি নিয়ে কাজ করে এর সিভিল ইঞ্জিনিয়ারিং শাখাটি। বাধ, রিটেইনিং ওয়াল, ফাউন্ডেশন ইত্যাদির আংশিক ডিজাইন করা হয় এই শাখার মাধ্যমে।

Compiled By: Mr. Ratnajit Pial

★মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার আওতা★

১. ভিত্তি ডিজাইন ও নির্মাণ
২. পাকা রাস্তার পেভমেন্ট ডিজাইন
৩. ভূনিম্নস্থ কাঠামো ডিজাইন
৪. ঠেস কাঠামো ডিজাইন
৫. মাটি খনন ও ভরাটের ডিজাইন
৬. মাটির বাধ ডিজাইন

Compiled By: Mr. Ratnajit Pial

★মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার আওতা★



চিত্র ঃ গভীর ও অগভীর ভিত্তি

★মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার আওতা★



চিত্র ঃ পেভমেন্টের বিভিন্নাংশ

Compiled By: Mr. Ratnajit Pial

★মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার আওতা★



চিত্র ঃ ভূনিম্নস্থ কাঠামো

Compiled By: Mr. Ratnajit Pial

★মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার আওতা★



চিত্র ঃ

★মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার আওতা★



চিত্র ঃ মাটি খনন ও মাটি ভরাট

★মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার আওতা★



চিত্র ঃ

Compiled By: Mr. Ratnajit Pial

★মৃত্তিকার উৎপত্তি★

১। **ঘর্ষণ (Abrasion) ঃ** পানি, তুষার, হিমবাহ, বায়ু ইত্যাদি প্রতিনিয়ত শিলা পৃষ্ঠের উপর দিয়ে প্রবাহিত হওয়ার ফলে ক্ষয়প্রাপ্ত হয় এবং ক্ষয়প্রাপ্ত শিলাকণা মৃত্তিকা গঠন করে।

২। **তাপমাত্রার হ্রাস-বৃদ্ধি (Change of temperature) ঃ** শিলা বিভিন্ন খনিজ পদার্থের সমন্বয়ে গঠিত এবং এগুলোর তাপীয় প্রসারাঙ্কের মাত্রাও ভিন্ন ভিন্ন। ফলত পুনঃপুন তাপ ও শৈত্যের প্রভাবে শিলার উপাদানগুলো ভিন্ন ভিন্ন মাত্রায় প্রসারিত ও সংকুচিত হয়ে শিলা খণ্ডিত-বিখণ্ডিত হয় এবং উৎপন্ন শিলা কণাগুলো মাটি গঠন করে।

৩। **গাছগাছড়ার শিকড় (Roots of plants) ঃ** শিলাস্তরের ফাটলে গাছগাছড়া জন্মালে এগুলোর শিকড় বৃদ্ধিপ্রাপ্ত হওয়ার ফলে শিলার স্তরে প্রতিনিয়ত চাপ পড়ে এবং শিলাকে বিয়োজিত করে মাটি গঠন করে।

৪। **তুষার ক্রিয়া (Action of ice) ঃ** শিলাস্তরের সূক্ষ্ম ছিদ্রপথে বা সরু ফাটলে পানি প্রবেশের পর শৈত্যের প্রভাবে পানি বরফে পরিণত হলে আয়তনে বৃদ্ধি পায় এবং শিলার স্তর খণ্ডবিখণ্ড করে শিলা কণার সৃষ্টি করে। শিলা কণা মাটি গঠন করে।

Compiled By: Mr. Ratnajit Pial

★মৃত্তিকার গঠন★

১। **পানিযোজন (Hydration) ঃ** শিলার উপাদানগুলোর সাথে পানির সংমিশ্রণের ফলে নবতর রাসায়নিক যৌগ সৃষ্টি করে এবং আয়তনের পরিবর্তন ঘটিয়ে শিলা বিশ্লিষ্ট হয়ে শিলা কণার সৃষ্টি করে এবং মৃত্তিকা গঠন করে।

২। **অক্সিডেশন (Oxidation) ঃ** শিলার বিভিন্ন খনিজ কণার সাথে বায়ুর অক্সিজেনের বিক্রিয়ায় শিলা বিশ্লিষ্ট হয় এবং বিশ্লিষ্ট শিলা কণাগুলো মৃত্তিকা গঠন করে।

৩। **কার্বোনেশন (Carbonation) ঃ** বাতাসের কার্বন ডাই-অক্সাইড পানির সাথে মিশ্রিত হয়ে কার্বনিক অ্যাসিড উৎপন্ন করে এবং শিলা পৃষ্ঠে রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে ক্ষয়প্রাপ্ত করে মৃত্তিকা গঠন করে।

৪। **হাইড্রোলাইসিস (Hydrolysis) ঃ** এ প্রক্রিয়ায় পানি OH^- ও H^+ আয়নে রূপান্তরিত হয় এবং H^+ আয়ন শিলার ধাতব আয়নের ক্যালসিয়াম, সোডিয়াম, পটাশিয়াম ইত্যাদির সাথে প্রতিস্থাপিত হয়ে নতুন উপাদানের মৃত্তিকা গঠন করে।

৫। **দ্রবণ (Solution) ঃ** শিলার কোনো কোনো উপাদান পানিতে দ্রবীভূত হয়ে এবং রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণ করে মৃত্তিকা গঠনে কার্যকরী ভূমিকা পালন করে।

Compiled By: Mr. Ratnajit Pial

★মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার সীমাবদ্ধতা★

১। চাপ, নিষ্কাশন ব্যবস্থা ও অন্যান্য পারিপার্শ্বিক অবস্থার উপর মাটির চারিত্রিক আচরণ ও শক্তি অনেকাংশে নির্ভর করে তাই মৃত্তিকা-সংক্রান্ত সমস্যায় এগুলো অবশ্যই বিবেচনায় আনতে হবে।

২। মৃত্তিকার পীড়ন ও বিকৃতির ক্ষেত্রে স্থিতিস্থাপকতা তত্ত্ব কার্যকর নয়। তাই মৃত্তিকার ক্ষেত্রে এ তত্ত্ব ব্যবহার করাও ঠিক নয়।

৩। প্রত্যেক স্থানের মৃত্তিকার স্বকীয়তা বিদ্যমান অর্থাৎ অবস্থানের পরিবর্তনে মাটির গুণাগুণ, ধর্ম, বৈশিষ্ট্য ইত্যাদিতে পরিবর্তন দেখা যায় বিধায় এক প্রজেক্টের ফলাফল ও অভিজ্ঞতা অবিকল অবস্থায় অন্য প্রজেক্টে ব্যবহার করা যায় না।

৪। মৃত্তিকার ভূনিম্নস্থ অবস্থা সম্পর্কে জানার জন্য পর্যাপ্ত অনুসন্ধান কার্য সম্পাদন করতে হয়। কেননা বাহ্যিক পর্যবেক্ষণে ভূনিম্নস্থ মৃত্তিকা স্তরের সঠিক অবস্থা জানা অসম্ভব।

৫। মৃত্তিকা খুবই অনুভূতিপ্রবণ, সামান্য আলোড়নেই এর গুণাগুণে পার্থক্য প্রদর্শন করে। কাজেই বিভিন্ন নিরীক্ষার ফলাফল সতর্কতার সাথে ব্যাখ্যা-বিশ্লেষণ করে নিতে হয়।

৬। মৃত্তিকার মতো অনুভূতিপ্রবণ ও স্থানের পরিবর্তনে গুণাগুণের পরিবর্তন, এরূপ সামগ্রীর জন্য জটিল সূক্ষ্মতম অংকের ফলাফলের উপর নির্ভর করা যায় না।

৭। মৃত্তিকায় কাঠামো নির্মাণকালে মৃত্তিকার আচরণগত কারণে ডিজাইনের পরিবর্তন সাধন করতে হতে পারে। কেননা নির্মাণকার্য চলাকালে মৃত্তিকার গুণাগুণে পরিবর্তন সাধিত হতে পারে, এমনকি নির্মাণকার্য সমাপ্তির পরও পরিবর্তন হতে পারে।

৮। মৃত্তিকা ত্রিসামগ্রীর [কঠিন (মাটিকণা), তরল (পানি) ও বায়বীয় (বাতাস) পদার্থের] সমন্বয়ে গঠিত। এ সামগ্রীত্রয়ের আনুপাতিক হারের উপরও এর আচরণগত বৈশিষ্ট্যের পরিবর্তন ঘটে।

৯। মৃত্তিকা এমন এক সামগ্রী, যার দানাগুলো পরস্পরের আপেক্ষিকতায় স্থান পরিবর্তন করতে পারে এবং দানাগুলোর স্থান পরিবর্তনের সাথে সাথে এর চারিত্রিক আচরণেরও পরিবর্তন হয়।

১০। মৃত্তিকা প্রযুক্তিবিদ্যা একটি নবজাত বিজ্ঞান। কাজেই এর উন্নয়নের সাথে তাল মিলিয়ে কার্যক্ষেত্রে প্রয়োগ করা বাঞ্ছনীয়।

Compiled By: Mr. Ratnajit Pial

★বিস্তৃতি পরীক্ষা ও টাফনেস টেস্ট★

বিস্তৃতি পরীক্ষা ও টাফনেস পরীক্ষা বর্ণনা (State dilatancy and toughness) ঃ

ঝাঁকুনি পরীক্ষা বা বিস্তৃতি পরীক্ষা (Shaking test or dilatancy test) ঃ কিছু নমুনা মৃত্তিকায় প্রয়োজনীয় পরিমাণে পানি মিশিয়ে নরম পেস্টের ন্যায় তৈরি করে এক হাতের তালুতে নিয়ে অনুভূমিকভাবে ঝাঁকাতে থাকলে এবং অপর হাতের সাথে মাঝে মাঝে ধাক্কা দিলে মৃত্তিকার পৃষ্ঠে পানি ভেসে উঠবে এবং চকচকে দেখাবে। এবার নমুনা মৃত্তিকাসহ মুষ্টিবদ্ধ করে আবার মুষ্টি ছেড়ে দিলে পানি ও চকচকে ভাব উভয়ই, অদৃশ্য হয়ে যাবে। নমুনা মৃত্তিকাদানার আকার যত বৃহত্তর হবে উক্ত বিক্রিয়াগুলো তত দ্রুততর হবে। সাধারণত সূক্ষ্মদানার মৃত্তিকার মধ্যে পলিমাটিতে উক্ত বিক্রিয়া দ্রুত এবং কাদার পরিমাণ মাত্রা বৃদ্ধির সাথে সাথে ক্রমশ ধীরে ধীরে এবং মিহি কলোয়েডাল কাদায় কোনো বিক্রিয়াই ঘটবে না।



চিত্র ঃ ঝাঁকুনি পরীক্ষা

টাফনেস টেস্ট (Toughness test) ঃ ঝাঁকানো পরীক্ষার জন্য ব্যবহৃত পানি মিশ্রিত নরম নমুনা মৃত্তিকার মতো মৃত্তিকা হাতের তালুতে অনবরত বিস্তৃত ও ভাঁজ করার (Working & remoulding) মাধ্যমে শুষ্ক করে পুঁতির মতো কনসিসটেন্সিতে (Consistency) আনয়ন করা হয়। মৃত্তিকার নম্যতার (Plasticity) উপর শুষ্ককরণের সময়ের পরিমাণ নির্ভর করে। এ কাদা দিয়ে 3 মিলিমিটার ব্যাসের দড়ি (thread) তৈরি করা হয়। দড়ি তৈরির জন্য দু'হাতের তালুর সাহায্যে পাকানো (roll) হয় অথবা সমতল পৃষ্ঠের উপর এক হাতের তালু দিয়েও পাকানো যায়। দড়ি তৈরিকালে টুকরা টুকরা (Crumble) হয়ে যাওয়ার পূর্বপর্যন্ত দড়িকে ভাঁজ করে পুনরায় দড়ি তৈরি করা হয় (চিত্র ঃ ১.৮)। এতে হাতের তাপে কাদার পানি বাষ্পীভূত হয় এবং নমুনার পানির পরিমাণ হ্রাস পায়। দড়ি তৈরিকালে এটি টুকরা টুকরা হয়ে যাওয়ার পূর্বপর্যন্ত নমুনায় যে পরিমাণ পানি থাকে, তাই নমুনার জন্য নম্যতা সীমা (Plastic limit) এবং এ অবস্থায় মোল্ডিং-এর ক্ষেত্রে নমুনা মৃত্তিকা যে পরিমাণ প্রতিরোধ সৃষ্টি করে, তা-ই উক্ত নমুনা মৃত্তিকার টাফনেস (Toughness)।

Compiled By: Mr. Ratnajit Pial

★বিস্তৃতি পরীক্ষা ও টাফনেস টেস্ট★



চিত্র ঃ ১.৮ নম্যতা পরীক্ষা

দড়ি টুকরা টুকরা হয়ে গেলে এ টুকরাগুলো দিয়ে পিণ্ডের ন্যায় তৈরি করে পুনঃপুন মন্থন করলে পিণ্ডও টুকরা টুকরা হয়ে যাওয়া আরম্ভ করে। নম্যতা সীমায় মৃত্তিকা দড়ির টাফনেস অধিকতর এবং পিণ্ড খণ্ড খণ্ড হওয়ার কালে মৃত্তিকা খণ্ডের টাফনেসের পরিমাণ অধিক। পানির পরিমাণ নম্যতা সীমার কম হলে টাফনেসের পরিমাণ কম হয়। মৃত্তিকায় কলোয়েডাল কাদার পরিমাণের উপর মৃত্তিকার টাফনেসের (Toughness) মাত্রা নির্ভর করে। সাধারণত কাদা মৃত্তিকার পেস্টকে পাকিয়ে (roll) 3 মিমি ব্যাসের দড়ির ন্যায় করা যায়। কিন্তু পলিমাটির ক্ষেত্রে দড়ি তৈরি করা সম্ভব হয় না।

Compiled By: Mr. Ratnajit Pial

★মৃত্তিকার পরীক্ষা★

শুষ্ক শক্তি পরীক্ষা এবং ঝাঁকুনি পরীক্ষা (Dry strength test and shaking test) ঃ

শুষ্ক শক্তি পরীক্ষা (Dry strength test) ঃ নমুনা মৃত্তিকায় তৈরি ছোট ছোট ঘনক আকৃতির টুকরাকে রৌদ্রের তাপে বা চুল্লির তাপে বা বাতাসে শুকিয়ে দুই আঙুলের চাপে ভাঙতে যে পরিমাণ চাপের দরকার হয়, তার উপর ভিত্তি করে মৃত্তিকার ধরন বলা যায়। পলিমাটির ক্ষেত্রে কম চাপে এবং কাদামাটির ক্ষেত্রে অধিক চাপে ঘনকগুলো ভাঙা যায়। শুষ্ক শক্তি পরীক্ষার মাধ্যমে মৃত্তিকার নম্যতা বুঝা যায়। মৃত্তিকায় কলোয়েডাল কণার পরিমাণের উপর মৃত্তিকার শুষ্ক শক্তির মাত্রা নির্ভর করে। এতদভিন্ন মৃত্তিকার রং যদি কালো, গাঢ় বাদামি ও ধূসর রঙের হয় এবং জৈব গন্ধযুক্ত, আংশিক ক্ষয়প্রাপ্ত পাতা, শিকড়, ক্ষুদ্র শাখা, আঁশ ইত্যাদি পাওয়া যায়, তবে এ ধরনের মৃত্তিকাকে জৈব মৃত্তিকা হিসেবে শনাক্ত করা যায়।

চিত্র ঃ শুষ্ক শক্তি পরীক্ষা

ঝাঁকুনি পরীক্ষা বা বিস্তৃতি পরীক্ষা (Shaking test or dilatancy test) ঃ কিছু নমুনা মৃত্তিকায় প্রয়োজনীয় পরিমাণে পানি মিশিয়ে নরম পেস্টের ন্যায় তৈরি করে এক হাতের তালুতে নিয়ে অনুভূমিকভাবে ঝাঁকাতে থাকলে এবং অপর হাতের সাথে মাঝে মাঝে ধাক্কা দিলে মৃত্তিকার পৃষ্ঠে পানি ভেসে উঠবে এবং চকচকে দেখাবে। এবার নমুনা মৃত্তিকাসহ মুষ্টিবদ্ধ করে আবার মুষ্টি ছেড়ে দিলে পানি ও চকচকে ভাব উভয়ই অদৃশ্য হয়ে যাবে। নমুনা মৃত্তিকাদানার আকার যত বৃহত্তর হবে উক্ত বিক্রিয়াগুলো তত দ্রুততর হবে। সাধারণত সূক্ষ্মদানার মৃত্তিকার মধ্যে পলিমাটিতে উক্ত বিক্রিয়া দ্রুত এবং কাদার পরিমাণ মাত্রা বৃদ্ধির সাথে সাথে ক্রমশ ধীরে ধীরে এবং মিহি কলোয়েডাল কাদায় কোনো বিক্রিয়াই ঘটবে না।

চিত্র ঃ ঝাঁকুনি পরীক্ষা

থিতানো পরীক্ষা বর্ণনা (State dispersion test) ঃ

থিতানো পরীক্ষা (Dispersion test) ঃ কিছু পরিমাণ নমুনা মৃত্তিকা এক গ্লাস (কাচের) পানিতে ভালোভাবে নেড়ে থিতাতে দিলে দেখা যায় যে, বালিকণা 30–60 সেকেন্ড, পলিকণা 15–60 মিনিট এবং কাদাকণা কয়েকদিনে গ্লাসের তলায় থিতাবে।



চিত্র ঃ তিথানো পরীক্ষা

★মৃত্তিকার পরীক্ষা★

মৃত্তিকা গ্রুপ (Soil group)	ভেদ্যতা (Permeability)	সংনমনীয়তা (Compressibility)	শিয়ার স্ট্রেংথ (Shear strength)	কার্যোপযোগিতা (Workability)
(ক) গ্র্যাভেল				
GW	ভেদ্য	নগণ্য	খুব ভালো	খুব ভালো
GP	খুবই ভেদ্য	নগণ্য	ভালো	ভালো
GM	মোটামুটি ভেদ্য হতে অভেদ্য	নগণ্য	ভালো	ভালো
GC	অভেদ্য	খুবই নিম্ন	ভালো হতে মোটামুটি	ভালো
(খ) বালি				
SW	ভেদ্য	নগণ্য	খুব ভালো	খুব ভালো
SP	ভেদ্য	খুবই নিম্ন	ভালো	মোটামুটি
SM	মোটামুটি ভেদ্য হতে অভেদ্য	নিম্ন	ভালো	মোটামুটি
SC	অভেদ্য	নিম্ন	ভালো হতে মোটামুটি	ভালো
(গ) পলি ও কাদা (নিম্ন ও মধ্যমানের নম্যতা)				
ML	মোটামুটি ভেদ্য হতে অভেদ্য	মধ্যমানের	মোটামুটি	মোটামুটি
CL	অভেদ্য	মধ্যম মানের	মোটামুটি	ভালো হতে মোটামুটি
OL	মোটামুটি ভেদ্য হতে অভেদ্য	মধ্যম মানের	নিকৃষ্ট	মোটামুটি
(ঘ) পলি ও কাদা (উচ্চমানের নম্যতা)				
MH	মোটামুটি ভেদ্য হতে অভেদ্য	উচ্চমানের	মোটামুটি হতে নিকৃষ্ট	নিকৃষ্ট
CH	অভেদ্য	উচ্চমানের	নিকৃষ্ট	নিকৃষ্ট
OH	অভেদ্য	উচ্চমানের	নিকৃষ্ট	নিকৃষ্ট
জৈব মাটি	প্রকৌশল কাজে	ব্যবহৃত হয় না		

Compiled By: Mr. Ratnajit Pial

Compiled By: Mr. Ratnajit Pial

অধ্যায়-২
প্রাথমিক মাটি পরীক্ষাসমূহ

এ অধ্যায়ের উল্লেখযোগ্য বিষয়সমূহঃ

১. কতিপয় সংঙ্গা

২. নোটেশন ও প্রমাণ

৩. সম্পর্কের তালিকা

৪. গাণিতিক সমস্যাবলি

৫. মৃত্তিকার আপেক্ষিক গুরুত্ব নিরুপণ

Compiled By: Mr. Ratnajit Pial

★কতিপয় সংজ্ঞা★

মৃত্তিকা রন্ধ্রবিশিষ্ট কঠিন সামগ্রীবিশেষ। এটির রন্ধ্রগুলো তরল বা বায়বীয় বা উভয় ধরনের পদার্থে পূর্ণ থাকে। সাধারণত তিন ধরনের সামগ্রীর সমন্বয়ে মৃত্তিকা গঠিত। মৃত্তিকায় কঠিন উপাদান (মৃত্তিকা কণা বা খনিজ কণা), তরল উপাদান (পানি) ও গ্যাসীয় উপাদান (বাতাস) বিরাজ করে। তাই মৃত্তিকাকে ত্রি-উপাদান পদ্ধতির (Three phase system) সামগ্রী বা ত্রি-দশার সামগ্রী বলা হয়। অবশ্য সম্পূর্ণ শুষ্ক অবস্থায় রন্ধ্রগুলো বাতাসে এবং সম্পূর্ণ পরিপৃক্ত অবস্থায় রন্ধ্রগুলো পানিতে পূর্ণ থাকাকালে এটিতে দুটি উপাদানই থাকে। মূলত মৃত্তিকা উক্ত উপাদানসমূহের দৃঢ় বন্ধনে গঠিত জটিল সামগ্রীবিশেষ। (চিত্র ঃ ২.১ক)



আলোচনা ও হিসাবকরণের সুবিধার্থে কঠিন, তরল ও বায়বীয় অংশকে পৃথক করে ২.১খ চিত্রে দেখানো হলো। এ ধরনের চিত্রকে ফেজ (Phase) বা ব্লক চিত্র (Block diagram) বলা হয়। এ ধরনের চিত্রের সাহায্যে মৃত্তিকা প্রযুক্তিবিদ্যার বিভিন্ন টার্ম (Term) ও এগুলোর পারস্পরিক সম্পর্ক পর্যালোচনা করা সহজ হয়।

নিচের ব্লক বা ফেজ (Phase) চিত্রগুলোতে বাম ...ণ নমুনা মৃত্তিকার আয়তন ও ডান পাশে ওজন দেখানো হয়েছে।

চিত্র ঃ ত্রি-উপাদানে মৃত্তিকা



চিত্র ঃ পরিপৃক্ত মৃত্তিকা



চিত্র ঃ শুষ্ক মৃত্তিকা

Compiled By: Mr. Ratnajit Pial

★নোটেশন ও প্রমাণ★

উপরের চিত্রগুলোতে—

V =	মৃত্তিকা নমুনার মোট আয়তন		ঘনমিটারে
V_s =	"	কঠিন অংশের আয়তন	"
V_a =	"	বায়বীয় অংশের আয়তন	"
V_w =	"	তরল/পানির আয়তন	"
V_v =	"	পানিও বায়বীয় অংশের মোট আয়তন	"
W =	"	মোট ওজন	কেজিতে
W_s =	"	কঠিন অংশের ওজন	"
W_w =	"	পানির ওজন	"
W_a =	"	বায়বীয় অংশের ওজন নগণ্য বলে বাদ দেয়া হয়।	

(ক) ভয়েড রেশিও, e (Void Ratio) ঃ নমুনা মৃত্তিকার ভয়েড (Void) অংশের আয়তনের (V_v) সাথে কঠিন অংশের আয়তনে (V_s) অনুপাতই ভয়েড রেশিও। অর্থাৎ ভয়েড রেশিও,

$$e = \frac{V_v}{V_s} \quad \text{..... (2.1)}$$

ভয়েড রেশিওকে সাধারণত দশমিকে প্রকাশ করা হয়, যেমন– 0.3, 0.4 ইত্যাদি। সাধারণত স্থূলদানার মৃত্তিকার ভয়েড রেশিও সূক্ষ্মদানার মৃত্তিকার ভয়েড রেশিও হতে কম হয়ে থাকে। কোনো কোনো মৃত্তিকার ক্ষেত্রে এটির মান একক হতে অধিক হতে পারে।

(খ) পরোসিটি, n (Porosity) ঃ

নমুনা মৃত্তিকার ভয়েড অংশের আয়তনের (V_v) সাথে মোট আয়তনের (V) অনুপাতই পরোসিটি।

$$\text{অর্থাৎ } n = \frac{V_v}{V} \quad \text{..... (2.2)}$$

★নোটেশন ও প্রমাণ★

পরোসিটিকে শতকরা হারে প্রকাশ করা হয়। এটির মান কখনও 100% অতিক্রম করে না। মৃত্তিকার ঘনত্ব (denseness) যত বাড়ে পরোসিটি ও ভয়েড রেশি'র মান তত কমে।

পরোসিটি ও ভয়েড রেশিও'র মধ্যে সম্পর্ক নিম্নরূপ—

(2.2) সমীকরণ হতে,

$$n = \frac{V_v}{V} \text{ বা } \frac{1}{n} = \frac{V}{V_v}$$

$$\text{বা, } \frac{1}{n} = \frac{V_s + V_v}{V_v} \qquad (\text{যেহেতু } V = V_v + V_s)$$

$$\text{বা, } \frac{1}{n} = \frac{V_s}{V_v} + 1$$

$$\text{বা, } \frac{1}{n} = 1 + \frac{1}{e} \qquad \left[\because \frac{V_s}{V_v} = \frac{1}{e}\right]$$

$$\text{বা, } \frac{1}{n} = \frac{e+1}{e} \quad \ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots \text{(a)}$$

$$\therefore n = \frac{e}{1+e} \quad \ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots (2.3)$$

সমীকরণ (a) হতে, $\frac{1}{n} - 1 = \frac{1}{e}$

$$\text{বা, } \frac{1-n}{n} = \frac{1}{e}$$

$$\text{বা, } e(1-n) = n$$

$$\therefore e = \frac{n}{1-n} \quad \ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots\ldots (2.4)$$

[উপরের সমীকরণ (2.3) ও (2.4)-এ পরোসিটি শতকরা হারে প্রকাশিত নয়)।

★নোটেশন ও প্রমাণ★

(চ) জলীয় অংশ বা ওয়াটার কনটেন্ট, ω (Water Content) ঃ নমুনা মৃত্তিকার পানির ওজনের (W_w) সাথে কঠিন অংশের ওজনের (W_s) অনুপাতই ওয়াটার কনটেন্ট।

অর্থাৎ ওয়াটার কনটেন্ট, $\omega = \frac{W_w}{W_s}$ ..... (2.9)

ওয়াটার কনটেন্টকে অনেকেই ময়েশ্চার কনটেন্ট (Moisture Content) বলে থাকে। এটিকে শতকরা হারে প্রকাশ করা হয়, কিন্তু হিসেবের ক্ষেত্রে দশমিকেই ব্যবহার করা হয়। সূক্ষ্মদানার মৃত্তিকার ওয়াটার কনটেন্ট স্থূলদানার মৃত্তিকার ওয়াটার কনটেন্ট অপেক্ষা অধিক হয়। ওয়াটার কনটেন্ট মৃত্তিকার বিশেষ করে সূক্ষ্মদানার মৃত্তিকার ধর্ম, গুণাগুণ ও আচরণে বিশেষ প্রভাব ফেলে থাকে।

(ছ) মোট একক ওজন বা আয়তনিক একক ওজন বা আয়তনিক ঘনত্ব, γ (Bulk Unit Weight) ঃ মৃত্তিকার একক আয়তনের মোট ওজনকে মোট একক ওজন বলা হয়।

অর্থাৎ, $\gamma = \frac{W}{V}$ ..... (2.10)

Bulk unit weight-কে Total unit weight বা Wet unit weight-ও বলা হয়।

সংজ্ঞা অনুযায়ী ভেজা একক ওজন, $\gamma = \frac{W}{V}$

$\therefore \gamma = \frac{W_s + W_w}{V} = \left(1 + \frac{W_w}{W_s}\right)\frac{W_s}{V}$ ..... (হর ও লবকে W_s দিয়ে ভাগ করে)

$= (1 + \omega)\frac{W_s}{V} = (1 + \omega)\gamma_d$

$\therefore \gamma = (1 + \omega)\gamma_d \therefore \gamma_d = \frac{\gamma}{(1 + \omega)}$ ..... (2.10a)

★নোটেশন ও প্রমাণ★

(জ) শুষ্ক একক ওজন, γ_d (Dry Unit Weight) ঃ মৃত্তিকার একক আয়তনের শুষ্ক কঠিন অংশের ওজনকে শুষ্ক একক ওজন বলা হয়।

অর্থাৎ, $\gamma_d = \frac{W_s}{V}$ ..... (2.11)

পানির একক ওজন γ_w এবং মাটির কণার আপেক্ষিক গুরুত্ব G হলে $\gamma_s = G\gamma_w$ এবং কঠিনাংশের আয়তন V_s হলে

$W_s = G\gamma_w . V_s$ অতএব $\gamma_d = \frac{G\gamma_w V_s}{V.} = G\gamma_w \cdot \frac{V_s}{V} = G\gamma_w \cdot \frac{V_s}{V_s + V_v} = G\gamma_w \cdot \frac{\frac{V_s}{V_s}}{\frac{V_s}{V_s} + \frac{V_v}{V_s}} = G\gamma_w \cdot \frac{1}{1+e}$

অর্থাৎ, $\gamma_d = \frac{G\gamma_w}{1+e}$ ..... (2.11a)

(ঝ) সম্পৃক্ত বা পরিপৃক্ত একক ওজন, γ_{sat} (Saturated Unit Weight) ঃ নমুনা মৃত্তিকা সম্পূর্ণরূপে সম্পৃক্ত থাকাকালে প্রতি একক আয়তনের ওজনকে সম্পৃক্ত বা পরিপৃক্ত একক ওজন বলা হয়। অর্থাৎ,

$\gamma_{sat} = \frac{W_{sat}}{V}$ ..... (2.12)

নমুনা মাটি সম্পূর্ণ সম্পৃক্ত হলে $W_{sat} = W_s + W_w$ এবং $V = V_s + V_v$

অতএব, $\gamma_{sat} = \frac{W_s}{V} + \frac{W_w}{V_s + V_v} = \gamma_d + \frac{V_v\gamma_w}{V_s + V_v} = \gamma_d + \frac{e\gamma_w}{1+e}$ (হর ও লবকে V_s দিয়ে ভাগ করে $\frac{V_v}{V} = e$ বসিয়ে)

$= \frac{G\gamma_w}{1+e} + \frac{e\gamma_w}{1+e} = \frac{\gamma_w (G+e)}{1+e}$

অর্থাৎ, $\gamma_{sat} = \frac{\gamma_w (G+e)}{1+e}$ ..... (2.12a)

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-১৮। একটি মৃত্তিকা নমুনার আর্দ্র ঘনত্ব 1.98 gm/cm^3 ও পানির হার 25% হলে শুষ্ক ঘনত্ব কত হবে?

[বাকাশিবো-২০০২,

সমাধান: ধরে নিই, কঠিনাংশের ওজন W_s এবং এতে পানির ওজন W_w।

এখন $\frac{25}{100} = \frac{W_w}{W_s}$

$\therefore .25W_s = W_w$

মোট ওজন $= W_s + 0.25W_s = 1.98$

$\therefore W_s = \frac{1.98}{1.25} = 1.584$

নির্ণেয় শুষ্ক ঘনত্ব $= 1.584$ gm/cm^3 (যদি শুষ্কীকরণ কালে আয়তনের পরিবর্তন না ঘটে)

উত্তর ঃ 1.584gm/cm^3

বিকল্প নিয়মে–

আমরা জানি, শুষ্ক ঘনত্ব, $\gamma_d = \frac{\gamma}{1+\omega} = \frac{1.98}{1+.25} = 1.584$ gm/cm^3

উত্তর ঃ $\gamma_d = 1.584$ gm/cm^3

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-২৬। একটি মৃত্তিকা নমুনার জলীয় অংশ 15%, আয়তনিক একক ওজন 1800 kg/m³ এবং আপেক্ষিক গুরুত্ব 2.7 হলে γ_d, e, n, S_r এবং a_c-এর মান নির্ণয় কর। [বাকাশিবো-২০১৩]

সমাধান ঃ

আমরা জানি,

শুষ্ক একক ওজন, $\gamma_d = \frac{\gamma}{1+\omega} = \frac{1800}{1+0.15}$

$= 1565.2 \text{ kg/m}^3$

ভয়েড রেশিও, $e = \frac{G_s\gamma_w}{\gamma_d} - 1 = \frac{2.7 \times 1000}{1565.2} - 1$

$= 0.725$

দেওয়া আছে,

$\omega = 15\% = 0.15$

$\gamma = 1800 \text{ kg/m}^3$

$G_s = 2.7$

$\gamma_d = ?$

$e = ?$

$n = ?$

$S_r = ?$

$a_c = ?$

পরোসিটি, $n = \frac{e}{1+e} = \frac{0.725}{1+0.725} = 0.42$

সম্পৃক্ততার মাত্রা, $S_r = \frac{G_s\omega}{e} = \frac{2.7 \times 0.15}{0.725} = 0.558$

$\therefore S_r(\%) = 55.8\%$

এয়ার কনটেন্ট, $a_c = 1 - S_r = 1 - 0.558 = 0.442$

উত্তর ঃ $\gamma_d = 1565.2 \text{ kg/m}^3$, $e = 0.725$, $n = 0.42$, $S_r(\%) = 55.8\%$, $a_c = 0.442$

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-২৭। সম্পূর্ণরূপে সম্পৃক্ত 140gm নমুনা মৃত্তিকার আয়তন $65cm^3$; ঐ নমুনাকে চুল্লিতে শুকানোর পর অবিকল আয়তনে শুষ্ক অবস্থায় 114gm পাওয়া গেল। ঐ মৃত্তিকার (ক) আপেক্ষিক গুরুত্ব; (খ) ভয়েড রেশিও; (গ) পরোসিটি; (ঘ) শুষ্ক একক ওজন নির্ণয় কর। [বাকাশিবো-২০১৩]

সমাধান:

আমরা জানি,

(ক) আপেক্ষিক গুরুত্ব, $G_s = \frac{\gamma_s}{\gamma_w} = \frac{2.923}{I} = 2.92.3$

(এখানে $\gamma_s = \frac{W_s}{V_s} = \frac{114}{39} = 2.923\ gm/cm^3$)

(খ) ভয়েড রেশিও, $e = \frac{V_v}{V_s} = \frac{26}{39} = 0.67$

(গ) পরোসিটি, $n = \frac{V_v}{V} = \frac{26}{65} = 0.40$

(ঘ) শুষ্ক একক ওজন, $\gamma_d = \frac{W_s}{V} = \frac{114}{65} = 1.75\ gm/cm^3$

উত্তর ঃ $G = 2.923, e = 0.67, n = 0.40, \gamma_d = 1.75\ gm/cm^3$

দেওয়া আছে,

$W = 140gm$

$V = 65cm^3$

$W_s = 114gm$

$W_w = 140 - 114 = 26gm$

$\therefore V_v = 26cm^3$

এবং $V_s = 65 - 26 = 39cm^3$

$G = ?$

$e = ?$

$n = ?$

$\gamma_d = ?$

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-৩১। একটি নমুনা মৃত্তিকায় জলীয় অংশ 15% এবং ভেজা অবস্থায় একক ওজন 20.00 kN/ঘনমিটার। যদি কঠিনাংশের আপেক্ষিক গুরুত্ব 2.6 হয়, তবে শুষ্ক একক ওজন, ভয়েড রেশিও এবং সম্পৃক্ততার মাত্রা নির্ণয় কর। [বাকাশিবো-২০১৮]

সমাধান:

- নির্ণেয় শুষ্ক একক ওজন, $\gamma_d = \frac{\gamma}{1+\omega} = \frac{20}{1+0.15} = 17.39\ kN/m^3$
- নির্ণেয় ভয়েড রেশিও, $e = \frac{G\gamma_w}{\gamma_d} - 1 = \frac{2.6 \times 9.8}{17.39} - 1 = 0.465$
- নির্ণেয় সম্পৃক্ততার মাত্রা, $S_r(\%) = \frac{G\omega}{e} \times 100 = \frac{2.6 \times 0.15}{0.465} \times 100 = 83.03\%$

উত্তর: $\gamma_d = 17.39\ kN/m^3$, $e = 0.465$ এবং $S_r\% = 83.03\%$

দেয়া আছে,

$\omega = 15\% = 0.15$

$G = 2.6$

$\gamma = 20$ কিলোনিউটন/ঘ.মি.

$\gamma_d = ?,\ e = ?,\ S_r = ?$

উদাহরণ-৩৭। একটি নমুনার সম্পূর্ণরূপে সম্পৃক্ত জলীয় অংশ 400%। যদি $G_s = 2.45$ হয়, তবে ভয়েড রেশিও কত হবে? [বাকাশিবো-২০২০]

সমাধান:

আমরা জানি, ভয়েড রেশিও, $e = \frac{G_s\omega}{S_r} = \frac{2.45 \times 4}{1} = 9.8$

উত্তর: $e = 9.8$

দেওয়া আছে,

$\omega = 400\% = 4$

$G_s = 2.45$

$S_r = 1$

$e = ?$

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-৩৬। একটি নমুনা মৃত্তিকায় জলীয় অংশ 11% এবং ভেজা অবস্থায় একক ওজন 2100 নিউটন/ঘনমিটার। যদি কঠিন অংশের আঃগুঃ 2.6 হয়, তবে নির্ণয় কর ঃ (i) শুকনো একক ওজন, (ii) ভয়েড রেশিও (iii) সম্পৃক্ততার মাত্রা।

[বাকাশিবো-২০১৯, ২২]

সমাধানঃ

আমরা জানি, শুষ্ক একক ওজন, $\gamma_d = \frac{\gamma}{1+\omega}$

$$= \frac{21}{1+0.11} = 18.91 \text{kN/m}^3$$

ভয়েড রেশিও, $e = \frac{G_s\gamma_\omega}{\gamma_d} = \frac{2.6 \times 9.8}{18.91} - 1$

$$= 0.347$$

দেওয়া আছে,

$\omega = 11\% = 0.11$

$G_s = 2.6$

$\gamma = 21$ কিলোনিউটন/ঘনমিটার

$\gamma_d = ?$

$e = ?$

$S_r = ?$

সম্পৃক্ততার মাত্রা, $S_r(\%) = \frac{G_s\omega}{e} \times 100$

$$= \frac{2.6 \times 0.11}{0.347} \times 100$$

$$= 82.42\%$$

উত্তর ঃ $\gamma_d = 18.91 \text{ kN/m}^3$, $e = 0.347$, $S_r(\%) = 82.42\%$

★মৃত্তিকার আপেক্ষিক গুরুত্ব নিরুপণ★

পিকনোমিটারের সাহায্যে মৃত্তিকার আপেক্ষিক গুরুত্ব নিরূপণ প্রক্রিয়া প্রায় সকল ধরনের মৃত্তিকার জন্যই উপযোগী। তবে নমুনা মৃত্তিকার দানাগুলোকে অবশ্যই দুই মিলিমিটার চালনিতে অতিক্রান্ত হতে হবে। এজন্য কোনো নমুনায় দুই মিলিমিটারের বড় মৃত্তিকাদানা থাকলে তা ভেঙে দিতে হবে।

এ পদ্ধতিতে নমুনা মৃত্তিকার আপেক্ষিক গুরুত্ব নিরূপণের জন্য (ক) কনিক্যাল ব্রাস ক্যাপ (Conical Brass Cap), ওয়াশার (washer) ও উপরের অংশ আটকানোর স্ক্রুসহ 900 মিলিলিটারের পিকনোমিটার (খ) ব্যালেন্স (0.1 গ্রাম পর্যন্ত পরিমাপযোগ্য) (গ) গ্লাস রড (Glass Rod) (ঘ) ডিসটিল্ড ওয়াটার-এর দরকার হয়।

প্রথমেই পিকনোমিটারকে পরিষ্কার করে ধুয়ে (এটির আনুষঙ্গিক অংশগুলোসহ) ভালোভাবে শুকিয়ে নিতে হয়। এরপর এটির সকল অংশসহ নিখুঁতভাবে ওজন করতে হয় (ধরে নিই, এ ওজন W_1 গ্রাম)। ওজন নেয়ার পর এটিতে আনুমানিক 200 হতে 400 গ্রাম নমুনা মৃত্তিকা (নমুনা মৃত্তিকা অবশ্যই চুল্লিতে উত্তমরূপে শুকানো ও ঠান্ডা করা হতে হবে) দিয়ে এর আনুষঙ্গিক অংশগুলোসহ ওজন নিতে হয় (ধরি, এ ওজন W_2 গ্রাম)। এরপর এটির অর্ধাংশ পরিমাণ ডিসটিল্ড ওয়াটার ভর্তি করে গ্লাস রডের সাহায্যে উত্তমরূপে মিশিয়ে নিয়ে এটির বাকি অংশও ডিসটিল্ড ওয়াটার দিয়ে পূর্ণ করে ভালোভাবে ঝাঁকিয়ে নিতে হয়। এরপর কনিক্যাল ব্রাস ক্যাপ, ওয়াশার সঠিকভাবে স্থাপন করে আটকানোর স্ক্রুর সাহায্যে উত্তমরূপে আটকিয়ে নিতে হয় এবং ড্রপারের সাহায্যে ডিসটিল্ড ওয়াটার (কনিক্যাল

চিত্র ঃ ২.৪ পিকনোমিটার

★মৃত্তিকার আপেক্ষিক গুরুত্ব নিরুপণ★

ব্রাস ক্যাপের উপরের ছিদ্র পথে) দিয়ে সম্পূর্ণরূপে পূর্ণ করতে হয়। এ সময় কনিক্যাল ব্রাস ক্যাপের ছিদ্রে হাতের তালুতে চাপ দিয়ে বন্ধ করে উপুড় করলে কোনো বুদবুদ উঠবে না। এরপর পিকনোমিটারের বহিঃপৃষ্ঠ (আনুষঙ্গিক অংশাদিসহ) উত্তমরূপে মুছে শুষ্ক করে নিখুঁতভাবে ওজন নিতে হয় (ধরি, এ ওজন W_3 গ্রাম)। ওজন নেয়ার পর পানি মিশ্রিত মৃত্তিকা ফেলে দিয়ে পিকনোমিটার (আনুষঙ্গিক অংশসহ) উত্তমরূপে পরিষ্কার করে পূর্বের ন্যায় ডিসটিল্ড ওয়াটারে পূর্ণ করতে হয় এবং নিখুঁতভাবে ওজন নিতে হয়। (ধরি, এ ওজন W_4 গ্রাম)। এরপর নিম্নের সূত্র ব্যবহার করে মৃত্তিকার আপেক্ষিক গুরুত্ব (G) নিরূপণ করা হয়–

$$G = \frac{W_2 - W_1}{(W_2 - W_1) - (W_3 - W_4)}$$

একই নমুনার দুই হতে চারটি স্পেসিমেনের গড় ফলাফল গ্রহণ করা হয়।

গবেষণাগারে সাধারণত নিচের ছকটি ব্যবহৃত হয়–

নমুনা সংগ্রহের স্থান	তারিখ .....
নমুনা নং	
পরীক্ষার নাম	পরীক্ষক .....

স্পেসিমেন নং			
পিকনোমিটার নং			
পিকনোমিটারের ওজন = W_1 গ্রাম			
মৃত্তিকাসহ পিকনোমিটারের ওজন = W_2 গ্রাম			
মৃত্তিকাসহ পানিভর্তি পিকনোমিটারের ওজন = W_3 গ্রাম			
পানিভর্তি পিকনোমিটারের ওজন = W_4 গ্রাম			
আপেক্ষিক গুরুত্ব, $G = \frac{W_2 - W_1}{(W_2 - W_1) - (W_3 - W_4)}$			
গড় আপেক্ষিক গুরুত্ব			

Compiled By: Mr. Ratnajit Pial

Compiled By: Mr. Ratnajit Pial

অধ্যায়-৩
মৃত্তিকা কণার আকার

এ অধ্যায়ের উল্লেখযোগ্য বিষয়সমূহঃ

১. মৃত্তিকার সূচক ধর্মাবলি

২. "স্টোকস" ল

৩. গাণিতিক সমস্যাবলি

Compiled By: Mr. Ratnajit Pial

★মৃত্তিকার সূচক ধর্মাবলি★

মৃত্তিকার এগ্রিগেট ধর্মের ক্ষেত্রে–

(ক) পরোসিটি
(খ) ভয়েড রেশিও
(গ) ঘনত্ব
(ঘ) আপেক্ষিক গুরুত্ব
(ঙ) সম্পৃক্ত একক ওজন
(চ) সম্পৃক্ততার মাত্রা
(ছ) আপেক্ষিক ঘনত্ব এবং

শুধুমাত্র সূক্ষ্মকণার মৃত্তিকার জন্য–

(ক) ঘনত্ব ও স্পর্শকাতরতা (Consistancy and sensitivity)
(খ) অ্যাটারবার্গ লিমিট (Atterberg limit)
(গ) তারল্য সূচক (Liquidity index) ও
(ঘ) নম্যতা সূচক (Plasticity index) পরীক্ষা করা হয়।

Compiled By: Mr. Ratnajit Pial

★"স্টোকস" ল★

তলানি বিশ্লেষণে 'স্টোকস ল'-এর ক্ষেত্রে নিচের অনুমান সত্যগুলো (assumption) ধরে নেয়া হয়–

(ক) সূক্ষ্মদানার মৃত্তিকার প্রত্যেকটি কণা গোলক আকৃতির।

(খ) প্রত্যেকটি মৃত্তিকাকণার ঘনত্ব সমান।

(গ) অপেক্ষাকৃত মোটা মৃত্তিকাদানাগুলো সূক্ষ্মদানার তুলনায় কম সময়ে থিতাবে।

(ঘ) তলানি পরীক্ষা জারের পৃষ্ঠ তলানি পড়া কালে বাধার সৃষ্টি করবে না।

একটি সূক্ষ্ম গোলাকৃতির মৃত্তিকাকণা পানিতে ফেললে প্রথমে মাধ্যাকর্ষণজনিত কারণে এটির বেগ বৃদ্ধি পায়। কিন্তু ড্র্যাগ ফোর্সের (Drag force) কারণে কয়েক সেকেন্ডের মধ্যে গোলক আকৃতির (Sphere) কণার বেগের পরিমাণ হ্রাস পায় এবং বেগ নিয়মিত হয়ে যায়। এ বেগকে প্রান্তীয় বেগ (Terminal velocity = v) বলা হয়। প্রান্তীয় বেগের সমীকরণটি গোলক কণার ভারসাম্যতা হতে পাওয়া যায়। ফ্লুইডে বা পানিতে মৃত্তিকার গোলক কণা অবক্ষেপণের সময় মৃত্তিকার গোলক কণায় (i) গোলক কণার নিজ ওজন (W) (ii) প্লবমান (Buoyant) বল (U) ও (iii) ড্র্যাগ ফোর্স (Drag force = F_D)— এই তিনটি বল কাজ করে। যদি গোলক কণার ব্যাসার্ধ r, প্রান্তীয় বেগ v, ভিসকোসিটি η হয়, তবে–

ড্র্যাগ ফোর্স (Drag force), $F_D = 6\pi\eta r v$ ---------- (i)

গোলকাকার মৃত্তিকাকণার ওজন W.

$\therefore W = \frac{4}{3}\pi r^3 . \gamma_s$ (γ_s কণার একক ওজন) ------ (ii)

কণার উপর ক্রিয়াশীল প্লবমান বল (Buoyant force), U.

$\therefore U = \frac{4}{3}\pi r^3 . \gamma_w$ (γ_w পানির একক ওজন) ----- (iii)

Compiled By: Mr. Ratnajit Pial

★"স্টোকস" ল★

উল্লম্ব ভারসাম্যতায় ওজন, $W = F_b + U$ ---------- (iv)

$$\therefore \frac{4}{3}\pi r^3\gamma_s = 6\pi\eta r v + \frac{4}{3}\pi r^3\gamma_w$$

$$\text{বা, } 6\pi\eta r v = \frac{4}{3}\pi r^3\gamma_s - \frac{4}{3}\pi r^3\gamma_w$$

$$\text{বা, } v = \frac{4}{3}\pi r^3(\gamma_s - \gamma_w)\cdot\frac{1}{6\pi\eta r}$$

$$\text{বা, } v = \frac{4}{18\eta}\cdot r^2(\gamma_s - \gamma_w)$$

$$\text{বা, } v = \frac{1}{18\eta}\cdot(2r)^2(\gamma_s - \gamma_w)$$

$$\therefore 2r = D$$

$$\therefore v = \frac{D^2}{18\eta}(\gamma_s - \gamma_w) \text{ ..... (v)}$$

এখানে মৃত্তিকাকণার ব্যাস D এবং মৃত্তিকাকণার আপেক্ষিক গুরুত্ব G হয় তবে $\gamma_s = G\gamma_w$

এখন $v = \frac{1}{18}\frac{D^2}{\eta}(G-1)\gamma_w$ ---------- (vi)

যদি মৃত্তিকাকণাটি t মিনিটে v বেগে H_e সেন্টিমিটার পতিত হয়, তবে—

$v = \frac{H_e}{t}$ ---- (vii)

$v = \frac{H_e}{60t}$ সেমি/সেকেন্ড -------- (viii) [t মিনিট = 60t সেকেন্ড]

Compiled By: Mr. Ratnajit Pial

★"স্টোকস" ল★

এখন (vi) ও (vii) সমীকরণ হতে

$$\frac{H_c}{60t} = \frac{1}{18}\frac{D^2}{\eta}(G-1)\gamma_\omega$$

বা, $D = \sqrt{\frac{0.3\eta H_c}{(G-1)\gamma_w t}}$

$\sqrt{\frac{0.3\eta}{(G-1)\gamma_w}}$ কে M ধরে

$$D = M\sqrt{\frac{H_c}{t}} \text{ -------- (ix)}$$

এখানে,

D-এর একক সেন্টিমিটার

H_c-এর একক সেন্টিমিটার

η-এর একক গ্রাম, সেকেন্ড/বর্গসেন্টিমিটার

γ_w-এর একক গ্রাম/এম.এল (মিলিলিটার বা ঘনসেন্টিমিটার)

v-এর একক সেন্টিমিটার/সেকেন্ড

t-এর একক মিনিট

* 1 মিলিপয়েজ = 1.02×10^{-6} গ্রাম, সেকেন্ড/বর্গসেমি

$= 0.1 \times \text{mN-s/m}^2$

সমীকরণ (v) 'স্টোকস্ ল' নামে পরিচিত।

সমীকরণ (v)-এর ক্ষেত্রে এককগুলো নিম্নরূপ হয়–

v-এর,একক মিটার/সেকেন্ড

D-এর একক মিটার

η-এর একক পয়েজ $\left(\frac{\mu}{g}\right)$

* 1 Poise = 0.1 N-s/m^2 বা 10^{-4} kN-s/m^2

t-এর একক মিনিট

H_c-এর একক মিটার

γ_s-এর একক kN/m^3

γ_w-এর একক kN/m^3

Compiled By: Mr. Ratnajit Pial

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-২। 0.60 মিমি এবং 0.01 মিমি-এর মধ্যে কোনো মাটির একটি নমুনাকে 6 মিটার গভীর স্থির পানির একটি ট্যাংকের পানিতলের উপর ছেড়ে দেয়া হলো। স্থূলদানা ও সূক্ষ্মদানা মাটিকণা থিতিয়ে পড়তে কত সময় নিবে? মনে কর, $G = 2.66$ এবং $\eta = 0.01$ পয়েজ। [বাকাশিবো-১৯৯৯

সমাধান: 0.60mm আকারের স্থূলদানার ক্ষেত্রে–

আমরা জানি,

$$\frac{H_e}{60t} = \frac{1}{18}\frac{D^2}{\eta}(G-1)\gamma_\omega$$

বা, $\frac{600}{60t} = \frac{1}{18}\cdot\frac{(0.06)^2}{1.02\times10^{-5}}(2.66-1)\,1$

বা, $t = \frac{600\times18\times1.02\times10^{-5}}{60\times(0.06)^2\times1.66}$

$= 0.30723$ মিনিট

$= 18.44$ সেকেন্ড **(Ans.)**

সূক্ষ্মদানার ($D = 0.001$cm) ক্ষেত্রে–

$$t = \frac{600\times18\times1.02\times10^{-5}}{60\times(0.001)^2\times1.66}$$

$= 1106.03$ মিনিট

$= 18$ ঘণ্টা 26 মিনিট 1.8 সেকেন্ড **(Ans.)**

দেওয়া আছে,

স্থূলদানার $D = 0.60$mm
$= 0.06$cm

সূক্ষ্মদানার $D = 0.01$mm
$= 0.001$cm

$H_e = 6$m
$= 6\times100 = 600$cm

$G = 2.66$

$\gamma_w = 1$ gm/c.c.

$\eta = 0.01$ Poise
$= 0.01\times(1.02\times10^{-3}$ gm-s/cm$^2)$
$= 1.02\times10^{-5}$ gm-s/cm^2

* 1 Poise $= 1.02\times10^{-3}$ gm-s/cm^2

$t = ?$

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-৩। 0.6mm আকারের কণাবিশিষ্ট একটি মাটির নমুনাকে 4.5m গভীর একটি ট্যাংকের স্থির পানিতলে রাখা হলো। $G = 2.66$ এবং $\eta = 0.01$ পয়েজ হলে ঐ কণাটি ট্যাংকের তলায় থিতিয়ে পড়তে কত সময় লাগবে নির্ণয় কর। [বাকাশিবো-২০১২, ১১]

সমাধানঃ আমরা জানি,

$$\frac{H_e}{60t} = \frac{1}{18} \cdot \frac{D^2}{\eta} (G-1)\gamma_\omega$$

বা, $t = \dfrac{450 \times 18 \times 1.02 \times 10^{-5}}{60 \times (0.06)^2 (2.66-1)}$

$= 0.23$ মিনিট

$= 13.83$ সেকেন্ড (Ans.)

দেওয়া আছে,

$D = 0.6mm = 0.06cm$

$H_e = 4.5m = 450cm$

$G = 2.66$

$\gamma_w = 1$ gm/cc

$\eta = 0.01$ poise

$= 0.01 \times (1.02 \times 10^{-3})$ gm-s/cm^2

$= 1.02 \times 10^{-5}$ gm-s/cm^2

$t = ?$

Compiled By: Mr. Ratnajit Pial

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-৬। 0.6 মিলিমিটার আকারের কণাবিশিষ্ট একটি মাটির নমুনাকে একটি ট্যাংকের তলায় থিতিয়ে পড়তে সময় লাগে 21 sec. । $G = 2.60$ ও $\eta = 0.01$ পয়েজ হলে পানির ট্যাংকের গভীরতা নির্ণয় কর। [বাকাশিবো-২০১৯]

সমাধান:

আমরা জানি, $\frac{H_e}{60t} = \frac{1}{18} \cdot \frac{D^2}{\eta}(G-1)\gamma_w$

বা, $H_e = (60 \times 0.35) \times \frac{1}{18} \times \frac{(0.06)^2}{1.02 \times 10^{-5}} \times (2.60-1) \times 1.00$

$= 658.82\text{cm}$

$= 6.588\text{m}$ **(Ans.)**

দেওয়া আছে,

$D = 0.6\text{mm} = 0.06\text{cm}$

$G = 2.60$

$\gamma_w = 1.00\ \text{gm/cc}$

$\eta = 0.01$ poise

$= 0.01 \times 1.02 \times 10^{-3}\ \text{gm-s/cm}^2$

$= 1.02 \times 10^{-5}\ \text{gm-s/cm}^2$

$t = 21\ \text{sec.} = \frac{21}{60} = 0.35\ \text{mint}$

$H_e = ?$

Compiled By: Mr. Ratnajit Pial

অধ্যায়-৪
মৃত্তিকার নম্যতা বৈশিষ্ট্যাদি

এ অধ্যায়ের উল্লেখযোগ্য বিষয়সমূহঃ

১. কতিপয় সংজ্ঞা

২. গাণিতিক সমস্যাবলি

৩. মৃত্তিকার স্পর্শকাতরতা ও থিক্সোট্রপি

Compiled By: Mr. Ratnajit Pial

★কতিপয় সংজ্ঞা★

মৃত্তিকার নম্যতা (Plasticity of Soil) ঃ

সূক্ষ্মদানার মৃত্তিকা বিশেষ করে কাদাজাতীয় মৃত্তিকা (Clayed soil) নির্দিষ্ট মাত্রায় সিক্ত অবস্থায় থাকলে, এটিকে যে-কোনো আকৃতিতে রূপ দেয়া যায়। নির্দিষ্ট জলীয় মাত্রায় চিড়ধরাহীন অক্ষত অবস্থায় মৃত্তিকার বিকৃত হওয়ার সামর্থ্যকে মৃত্তিকার নম্যতা (Plasticity of Soil) বলা হয়। মৃত্তিকার কাদাজাতীয় কণাগুলো এদের পৃষ্ঠে ঋণাত্মক চার্জ বহন করে। ফলত এদের পৃষ্ঠে পানি আকর্ষিত হয়। এ প্রপঞ্চকে (Phenomenon) পানি শোষণের প্রবণতা (Absorption of Water) এবং কাদাজাতীয় মৃত্তিকা পৃষ্ঠ কর্তৃক আকর্ষিত পানিকে শোষ্য পানি (Absorbed Water) বলা হয়। শোষ্য পানির কারণেই মৃত্তিকা নম্যতাপ্রাপ্ত হয়।

শোষ্য পানির দরুন কাদাজাতীয় মৃত্তিকা কণাগুলো পৃথক পৃথক স্তর সৃষ্টি করে এবং এ পানিই কণাগুলোকে একটির পৃষ্ঠ হতে অপরটিকে পিছলিয়ে যেতে সহায়তা করে। তাই যখন এ ধরনের মৃত্তিকার আকারকে বিকৃত করা হয়, তখন এটি আর ৩পূর্বের অবস্থায় ফিরে আসে না। যদি উক্ত মৃত্তিকায় পানির মাত্রা হ্রাস করা হয়, তখন মৃত্তিকার নম্যতাও হ্রাস পায়। চূড়ান্তভাবে শুষ্ক মৃত্তিকা কঠিন বস্তুর ন্যায় আচরণ করে। মৃত্তিকাকে নন-পোলারাইজিং (Non-polarizing) তরল, কেরোসিন, প্যারাফিন ইত্যাদিতে সিক্ত করলে এগুলোতে তড়িৎ চুম্বকীয় (Electromagnetic) বৈশিষ্ট্যাদি না থাকায় মৃত্তিকায় নম্যতা সৃষ্টি হয় না। কর্দমকণা-শূন্য সূক্ষ্মদানার মৃত্তিকায়ও নম্যতাগুণ থাকে না।

★কতিপয় সংজ্ঞা★

অ্যাটারবার্গ লিমিট (Atterberg Limit) ঃ

কোনো সূক্ষ্মদানার মৃত্তিকায় পানি মিশানোর পরিমাণ ধীরে ধীরে বৃদ্ধি করতে থাকলে এটি কঠিন (Solid) হতে পানির পরিমাণ বৃদ্ধির সাথে সাথে আধাকঠিন (Semi-solid), নম্য (Plastic) এবং তরলে (Liquid) পরিণত হয়। অন্যভাবে বলা যায় যে, তরল কাদা হতে জলীয়াংশের পরিমাণ ধীরে ধীরে হ্রাস করতে থাকলে এটি নম্য, আধাকঠিন (Semi-solid) ও কঠিন (Solid) অবস্থায় ফিরে আসে। অর্থাৎ পানির পরিমাণ হ্রাস-বৃদ্ধির ফলে কাদাজাতীয় মৃত্তিকার ভৌত অবস্থার (State) পরিবর্তন ঘটে। যে পরিমাণ পানি ধারণ মাত্রায় কাদাজাতীয় মৃত্তিকা এক অবস্থা হতে অন্য অবস্থায় পরিবর্তিত হয়, ঐ পরিমাণ পানির মাত্রাকে ঐ মৃত্তিকার কনসিসটেন্সি লিমিট (Consistency Limit) বা অ্যাটারবার্গ লিমিট (Atterberg Limit) বলা হয়। কাদামাটির অবস্থার পরিবর্তনের সাথে সাথে তার ভৌত ধর্মেরও পরিবর্তন ঘটায় এবং প্রতিটি অবস্থায় একটি নির্দিষ্ট সূচক ধর্মও প্রকাশ করে, যা প্রকৌশল ক্ষেত্রে একটি বিশেষ ভূমিকা পালন করে। সুইডিশ কৃষি প্রকৌশলী এ. অ্যাটারবার্গ (A. Atterberg) ১৯১১ সালে এতৎসংক্রান্ত তথ্যাদি অনুধাবন করেন। তাই তাঁর নামানুসারে এটিকে Atterberg Limit নামে আখ্যায়িত করা হয়। তিনি বিভিন্ন মাত্রায় পানির উপস্থিতিতে কাদামাটির কনসিসটেন্সি বা অবস্থার পরিবর্তনকে তিনটি সীমার বা পরিমাপের আওতায় প্রকাশ করেছেন।

Compiled By: Mr. Ratnajit Pial

★কতিপয় সংজ্ঞা★

তারল্য সীমা (Liquid Limit) ঃ

যখন মৃত্তিকায় পানির মাত্রা বেশি হয় এবং পানি মিশ্রিত মৃত্তিকা তরলের ন্যায় নিজস্ব ওজনে গড়িয়ে যেতে পারে, ঐ অবস্থাকে আমরা মৃত্তিকার তরল অবস্থা (Liquid State) বলি। এ সময় মৃত্তিকার শিয়ার প্রতিরোধের মাত্রা শূন্য। এ পানি মিশ্রিত কাদামাটি হতে পানির পরিমাণ হ্রাস করতে থাকলে এক সময় এটি শিয়ার প্রতিরোধ ক্ষমতা ধীরে ধীরে প্রাপ্ত হয়। যে মাত্রায় পানি থাকলে মৃত্তিকা তরল অবস্থা হতে প্লাস্টিক অবস্থায় প্রবেশ করতে চায়, ঐ অবস্থার পরিবর্তনকালে পানির মাত্রাকে ঐ মৃত্তিকার তারল্য সীমা (Liquid Limit-ω_L বা L.L) বলা হয়। অন্যভাবে বলা যায়, সর্বাধিক যে পরিমাণ পানির উপস্থিতে মৃত্তিকার প্লাস্টিক অবস্থা হতে তরল অবস্থায় যাওয়ার প্রবণতা দেখা দেয়, ঐ পরিমাণ পানির মাত্রাকে ঐ মৃত্তিকার তারল্য সীমা বলা হয় (চিত্র ঃ ৪.১)। (চিত্রে যদিও তারল্য সীমা ও নম্যতা সীমা উপস্থাপনে আকস্মিক পরিবর্তন দেখানো হয়েছে। মূলত এক অবস্থা হতে অন্য অবস্থায় উপনীত হওয়া একটি ক্রমান্বয়িক (Gradual) প্রক্রিয়া, আকস্মিক (Sudden) প্রক্রিয়া নয়।)



কাদা মৃত্তিকার তারল্য সীমা জানার জন্য (i) ক্যাসাগ্রান্ডির লিকুইড লিমিট ডিভাইস ও (ii) কোন পেনিট্রোমিটার (Cone penetrometer) ব্যবহার করা হয়।

Compiled By: Mr. Ratnajit Pial

★কতিপয় সংজ্ঞা★

নম্যতা সীমা (Plastic Limit) ঃ

প্লাস্টিক অবস্থায় মৃত্তিকাকে যে-কোনো আকৃতিতে রূপ দেয়া যায়। এ অবস্থায় মৃত্তিকা হতে পানির পরিমাণ ধীরে ধীরে হ্রাস করলে নম্যতার মাত্রাও হ্রাস পেতে থাকে এবং এক সময় পানির মাত্রা হ্রাস পেয়ে এমন অবস্থায় আসে যে মৃত্তিকার প্লাস্টিক আচরণ প্রায় লোপ পায়। এরপর পানির মাত্রা আরো হ্রাস করে এটিকে মৌল্ড করলে ফাটল দেখা দেয় অর্থাৎ মৃত্তিকা আধাকঠিন অবস্থায় আসে। আধাকঠিন অবস্থায় প্রবেশের পূর্ব লগ্নে মৃত্তিকায় পানির মাত্রা যে পরিমাণে থাকে, পানির মাত্রার ঐ পরিমাণকে ঐ মৃত্তিকার নম্যতা সীমা (Plastic Limit, PL বা ω_p) বলা হয়। অন্যভাবে বলা যায় যে, যে পানি মাত্রায় মৃত্তিকার প্লাস্টিসিটি আচরণের সমাপ্তি ঘটে ঐ পানি মাত্রাকে ঐ মৃত্তিকার নম্যতা সীমা (Plastic Limit) বলা হয় (চিত্রঃ ৪.১)। সহজভাবে বলা যায় যে, সর্বনিম্ন যে পানি মাত্রায় কোনো কাদা মৃত্তিকাকে বিনা ফাটল ও বিনা ভাঙনে তিন মিলিমিটার ব্যাসের সুতায় পরিণত করা যায়, মৃত্তিকায় এ পরিমাণ পানি মাত্রাই মৃত্তিকার নম্যতা সীমা। [চিত্র ঃ ১.৮-এর ন্যায়] কাদা দিয়ে তিন মিলিমিটার ব্যাসের সুতা বা রশি তৈরি করলে যে পানি মাত্রার কাদার রশিতে ভাঙন বা ফাটলের প্রবণতা দেখা দেয়, ঐ পানি মাত্রাই এ কাদার জন্য নম্যতা সীমা।

সংকোচন সীমা (Shrinkage Limit) ঃ

পানি মিশ্রিত কর্দম মৃত্তিকা হতে পানির মাত্রা হ্রাস করতে থাকলে এটির আয়তনও হ্রাস পেতে থাকে। কিন্তু জলীয়াংশের একটি নির্দিষ্ট সীমায় পানির মাত্রা হ্রাস করলেও আয়তনের পরিবর্তন ঘটে না। কিন্তু সৃষ্ট ভয়েডগুলো বায়ুতে পূর্ণ হতে আরম্ভ করে। মৃত্তিকায় যে মাত্রায় পানি থাকলে, পানি হ্রাসপ্রাপ্তির পরেও মৃত্তিকার আয়তনের পরিবর্তন ঘটে না, ঐ পরিমাত্রার পানিকে ঐ মৃত্তিকার সংকোচন সীমা (Shrinkage Limit, ω_s বা S_L) বলা হয়।

Compiled By: Mr. Ratnajit Pial

★কতিপয় সংজ্ঞা★

নম্যতা সীমা (Plastic Limit) ঃ

প্লাস্টিক অবস্থায় মৃত্তিকাকে যে-কোনো আকৃতিতে রূপ দেয়া যায়। এ অবস্থায় মৃত্তিকা হতে পানির পরিমাণ ধীরে ধীরে হ্রাস করলে নম্যতার মাত্রাও হ্রাস পেতে থাকে এবং এক সময় পানির মাত্রা হ্রাস পেয়ে এমন অবস্থায় আসে যে মৃত্তিকার প্লাস্টিক আচরণ প্রায় লোপ পায়। এরপর পানির মাত্রা আরো হ্রাস করে এটিকে মৌল্ড করলে ফাটল দেখা দেয় অর্থাৎ মৃত্তিকা আধাকঠিন অবস্থায় আসে। আধাকঠিন অবস্থায় প্রবেশের পূর্ব লগ্নে মৃত্তিকায় পানির মাত্রা যে পরিমাণে থাকে, পানির মাত্রার ঐ পরিমাণকে ঐ মৃত্তিকার নম্যতা সীমা (Plastic Limit, PL বা ω_p) বলা হয়। অন্যভাবে বলা যায় যে, যে পানি মাত্রায় মৃত্তিকার প্লাস্টিসিটি আচরণের সমাপ্তি ঘটে ঐ পানি মাত্রাকে ঐ মৃত্তিকার নম্যতা সীমা (Plastic Limit) বলা হয় (চিত্রঃ ৪.১)। সহজভাবে বলা যায় যে, সর্বনিম্ন যে পানি মাত্রায় কোনো কাদা মৃত্তিকাকে বিনা ফাটল ও বিনা ভাঙনে তিন মিলিমিটার ব্যাসের সুতায় পরিণত করা যায়, মৃত্তিকায় এ পরিমাণ পানি মাত্রাই মৃত্তিকার নম্যতা সীমা। [চিত্র ঃ ১.৮-এর ন্যায়] কাদা দিয়ে তিন মিলিমিটার ব্যাসের সুতা বা রশি তৈরি করলে যে পানি মাত্রার কাদার রশিতে ভাঙন বা ফাটলের প্রবণতা দেখা দেয়, ঐ পানি মাত্রাই এ কাদার জন্য নম্যতা সীমা।

সংকোচন সীমা (Shrinkage Limit) ঃ

পানি মিশ্রিত কর্দম মৃত্তিকা হতে পানির মাত্রা হ্রাস করতে থাকলে এটির আয়তনও হ্রাস পেতে থাকে। কিন্তু জলীয়াংশের একটি নির্দিষ্ট সীমায় পানির মাত্রা হ্রাস করলেও আয়তনের পরিবর্তন ঘটে না। কিন্তু সৃষ্ট ভয়েডগুলো বায়ুতে পূর্ণ হতে আরম্ভ করে। মৃত্তিকায় যে মাত্রায় পানি থাকলে, পানি হ্রাসপ্রাপ্তির পরেও মৃত্তিকার আয়তনের পরিবর্তন ঘটে না, ঐ পরিমাত্রার পানিকে ঐ মৃত্তিকার সংকোচন সীমা (Shrinkage Limit, ω_s বা S_L) বলা হয়।

Compiled By: Mr. Ratnajit Pial

★কতিপয় সংজ্ঞা★

(ক) নম্যতা সূচক (Plasticity Index) ঃ

তারল্য সীমা ও নম্যতা সীমার পার্থক্যকে নম্যতা সূচক (Plasticity Index, I_p বা PI) বলা হয়। অর্থাৎ, PI = LL – PL. নম্যতা সীমা ও তারল্য সীমার মধ্যবর্তী পানি মাত্রায় মৃত্তিকায় প্লাস্টিক আচরণ বহাল থাকে। এ সূচক মৃত্তিকায় কাদার পরিমাণও নির্দেশ করে। মৃত্তিকায় কাদার পরিমাণ বেশি হলে নম্যতা সূচক অধিক এবং কাদার পরিমাণ কম হলে নম্যতা সূচকের মান কম হয়। কোনো মাটির ω_L বা ω_P নির্ণয় করা না গেলে মাটিটি নন-প্লাস্টিক (NP)। কোনো মাটির $\omega_L < \omega_P$ হলে ঋণাত্মক (–) না লিখে 0 (শূন্য) লেখতে হয়।

(খ) তারল্য সূচক (Liquidity Index) ঃ তারল্য সূচক, $I_L = \frac{\omega - \omega_p}{I_p} \times 100$

এখানে প্রাকৃতিক অবস্থানে মৃত্তিকায় জলীয়াংশের মাত্রা ω। তারল্য মাত্রায় মৃত্তিকার তারল্য সূচক 100% এবং এ সময় এটি তরলের ন্যায় আচরণ করে। যখন মৃত্তিকা প্লাস্টিক লিমিটে থাকে তখন এটির $I_L = 0$। মৃত্তিকায় প্লাস্টিক লিমিট অপেক্ষা কম মাত্রার পানি থাকলে তারল্য সূচক ঋণাত্মক হয় অর্থাৎ মৃত্তিকা কঠিন অবস্থায় থাকে। তারল্য সূচককে পানি-নম্যতার অনুপাতও বলা হয়।

(গ) কনসিসটেন্সি ইনডেক্স (Consistency Index) ঃ

কনসিসটেন্সি ইনডেক্স I_c বা *CI*-কে নিম্নরূপে প্রকাশ করা হয়–

$$I_c = \frac{\omega_L - \omega}{I_p} \times 100$$

তারল্য সীমায় মৃত্তিকার I_c-এর মান শূন্য হয়। এ সময় মৃত্তিকা খুবই নরম হয় এবং এটি নগণ্য মাত্রায় শিয়ার প্রতিরোধ করতে পারে। নম্যতা সীমায় মৃত্তিকার $I_c = 100\%$ হয় অর্থাৎ মৃত্তিকা তুলনামূলকভাবে দৃঢ় এবং I_c-এর মান 100%-এর অধিক হলে এটি আধাকঠিন অবস্থায় থাকে। I_c-এর মান ঋণাত্মক হলে মৃত্তিকায় তারল্য সীমার অধিক পানি বিদ্যমান বুঝায়। সর্বদাই যে-কোনো মৃত্তিকার ক্ষেত্রে $I_c + I_L = 100\%$ হবে। কাজেই I_c বাড়লে I_L কমবে এবং I_L কমলে I_c বাড়বে। কনসিসটেন্সি ইনডেক্সকে আপেক্ষিক কনসিসটেন্সিও বলা হয়ে থাকে।

★কতিপয় সংজ্ঞা★

(ঘ) ফ্লো ইনডেক্স (Flow Index) ঃ

ফ্লো ইনডেক্স (I_F)-কে নিচের সমীকরণের সাহায্যে প্রকাশ করা হয়। এটির দ্বারা ফ্লো কার্ভের ঢালকে বুঝায়।

$$I_F = \frac{\omega_1 - \omega_2}{\log_{10} N_2/N_1}$$

এখানে, N_1 = মৃত্তিকায় পানির মাত্রা ω_1 কালে ব্লো (Blow)-এর সংখ্যা

N_2 = মৃত্তিকায় পানির মাত্রা ω_2 কালে ব্লো-এর সংখ্যা (এখানে ব্লো-এর সংখ্যা বলতে ক্যাসাগ্রান্ডির তারল্য সীমা পরীক্ষার ব্লো-এর সংখ্যা বুঝানো হয়েছে)।

(ঙ) টাফনেস্ ইনডেক্স (Toughess Index) ঃ

কোনো মৃত্তিকার প্লাস্টিসিটি ইনডেক্স (I_p) ও ফ্লো ইনডেক্সের (I_F) অনুপাতই টাফনেস্ ইনডেক্স। অর্থাৎ $I_t = \frac{I_p}{I_F}$

নম্যতা সীমায় মৃত্তিকার শিয়ার স্ট্রেংথের পরিমাপই টাফনেস ইনডেক্স। অধিকাংশ মৃত্তিকা I_t-এর মান 0 হতে 3.0 মধ্যে হয়ে থাকে। যে মৃত্তিকার I_t-এর মান 1-এর কম তা নম্যতা সীমায় সহজেই চূর্ণ করা যায়।

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-১০। একটি নমুনার জলীয় অংশ 14.8%, নম্যতা সীমা 10.75% এবং তারল্য সীমা 23.05% হলে, তারল্য সূচক, নম্যতা সূচক ও সিক্ততা সূচক কত? [বাকাশিবো-২০২০]

সমাধান:

আমরা জানি,

$$\text{তারল্য সূচক } (I_L) = \frac{\omega - \omega_p}{\omega_L - \omega_P}$$
$$= \frac{0.148 - 0.1075}{0.2305 - 0.1075}$$
$$= 32.92\%$$
$$= 0.32 \text{ (উত্তর)}$$

দেওয়া আছে,

$\omega = 14.8\% = 0.148$
$\omega_P = 10.75\% = 0.1075$
$\omega_L = 23.05\% = 0.2305$
$I_L = ?$
$I_P = ?$
$I_C = ?$

$$\text{নম্যতা সূচক } (I_P) = \omega_L - \omega_P$$
$$= 23.05\% - 10.75\%$$
$$= 12.3\%$$
$$= 0.123 \text{ (উত্তর)}$$

$$\text{সিক্ততা সূচক } (I_C) = \frac{\omega_L - \omega}{I_P} \times 100$$
$$= \frac{0.2305 - 0.148}{0.123} \times 100$$
$$= 67.07\%$$
$$= 0.67 \text{ (উত্তর)}$$

★মৃত্তিকার স্পর্শকাতরতা ও থিক্সোট্রপি★

স্পর্শকাতরতা (Sensitivity) ঃ প্রাকৃতিক অবস্থানে সংসক্তিপ্রবণ মৃত্তিকার একটি নিদিষ্ট কাঠামো থাকে। যখন এ মৃত্তিকাকে বিক্ষত (distrubed) করে, রিমৌল্ড (remould) করা হয় তখন এটির কাঠামোগত পরিবর্তন ঘটে এবং উক্ত মৃত্তিকার প্রকৌশলগত ধর্মে পরিবর্তন সাধিত হয়। অক্ষত অবস্থায় (Undisturbed) মৃত্তিকার শক্তির পরিমাণের $(qu)_u$ সাথে সমপানি মাত্রায় রিমৌল্ড করার পর এতে প্রাপ্ত শক্তির পরিমাণের $(qu)_r$ অনুপাতকে মৃত্তিকার স্পর্শকাতরতা (S_t) বলা হয়। নিচের সমীকরণের সাহায্যে মৃত্তিকার স্পর্শকাতরতা প্রকাশ করা হয়–

$$S_t = \frac{(qu)_u}{(qu)_r}$$

এখানে, $(qu)_u$ = আনকনফাইন্ড কম্প্রেসিভ স্ট্রেংথ (অক্ষত কাদা মৃত্তিকার)

$(qu)_r$ = আনকনফাইন্ড কম্প্রেসিভ স্ট্রেংথ (বিক্ষত (Remoulded) কাদা মৃত্তিকার)।

স্পর্শকাতরতার উপর ভিত্তি করে মৃত্তিকাকে ছয় ভাগে ভাগ করা যায়–

১। অস্পর্শকাতর ($S_t < 1.00$)
২। মৃদু স্পর্শকাতর ($S_t = 1.00$ হতে 2.00)
৩। মধ্যম মানের স্পর্শকাতর ($S_t = 2.00$ হতে 4.00)
৪। স্পর্শকাতর ($S_t = 4.00$ হতে 8.00)
৫। অতিরিক্ত স্পর্শকাতর ($S_t = 8.00$ হতে 16.00)
৬। কুইক (Quick) ($S_t > 16.00$)।

থিক্সোট্রপি (Thixotropy) ঃ মৃত্তিকায় স্পর্শজনিত কারণে যে-কোনো ধরনের পরিবর্তনকে থিক্সোট্রপি বলা হয়। মৃত্তিকাকে রিমৌল্ডিং (Remoulding) করলে এটির পানি শোষ্যাংশে পানির মৌলে পরিবর্তন এবং মৃত্তিকার কাঠামোগত পরিবর্তনের কারণে এটির শক্তি হ্রাস পায়। যদি সংসক্তিপ্রবণ মৃত্তিকাকে রিমৌল্ডিং করার পর পানির মাত্রা হ্রাস না পায় এবং এটিকে স্বাভাবিক অবস্থায় রেখে দেয়া হয়, তবে সময় অতিক্রান্তের সাথে এর হারানো শক্তির কিছু অংশ পুনরায় লাভ করে। মৃত্তিকা প্রযুক্তিবিদ্যায় রিমৌল্ডে (Remoulded) মৃত্তিকায় সময় অতিক্রান্তের সাথে এটির শক্তি অর্জনকে থিক্সোট্রপি বলা হয়। মৃত্তিকার পানি শোষ্যাংশে পানির অণুর পুনঃবিন্যাস এবং রাসায়নিক ভারসাম্যতার জন্য থিক্সোট্রপি ঘটে থাকে। মৃত্তিকার থিক্সোট্রপির জন্যই মৃত্তিকায় পাইল প্রবেশ করানোর পর সাথে সাথে এটি যে পরিমাণ ভার নিতে পারে, পরবর্তীতে কিছুকাল অতিক্রান্ত হয়ার পর পূর্বের চেয়ে অধিক ভার নিতে পারে।

Compiled By: Mr. Ratnajit Pial

Compiled By: Mr. Ratnajit Pial

অধ্যায়-৫
মৃত্তিকার উদক ধর্মাবলি

এ অধ্যায়ের উল্লেখযোগ্য বিষয়সমূহঃ

১. কতিপয় সংজ্ঞা

২. ডার্সির সূত্র

৩. ভেরিয়েবল হেড ভেদ্যতা পরীক্ষা

৪. কার্যকরি চাপ এবং ছিদ্রস্থিত পানির চাপ

৫. গাণিতিক সমস্যাবলি

Compiled By: Mr. Ratnajit Pial

★কতিপয় সংজ্ঞা★

মৃত্তিকার ভেদ্যতা (Permeability of soil) ঃ

মৃত্তিকার উদক ধর্মাবলির মধ্যে ভেদ্যতা (Permeability) একটি গুরুত্বপূর্ণ ধর্ম। যদি মৃত্তিকার তৈরি কাঠামোতে, যেমন বাঁধ ইত্যাদিতে পানি চুয়ায়, তবে কাঠামোটি ধ্বংসে পতিত হয়। তাই পুর প্রকৌশলীগণের জন্য মৃত্তিকার ভেদ্যতা গুণ সম্পর্কে জ্ঞান থাকা আবশ্যক। কোনো বস্তুর ভেদ্যতার মাত্রা নির্ভর করে ঐ বস্তুর ধারাবাহিক ভয়েড (void)-এর উপর। মৃত্তিকার ক্ষেত্রে মৃত্তিকার কণার আকার-আকৃতির উপর ভয়েডের মাত্রা অনেকাংশে নির্ভর করে, তাই বিভিন্ন মাটির ভেদ্যতা ভিন্ন ভিন্ন মাত্রায় হয়ে থাকে। মৃত্তিকার ধারাবাহিক ভয়েডের মাধ্যমে এটির ভিতর দিয়ে পানি বা অন্য কোনো তরল পদার্থকে প্রবাহিত হতে দেয়ার গুণকে মৃত্তিকার ভেদ্যতা (Permeability of soil) বলা হয়। সাধারণত গ্র্যাভেল জাতীয় মৃত্তিকা অধিক ভেদ্যতা গুণসম্পন্ন এবং আবদ্ধ কাদার ভেদ্যতা গুণ খুবই নগণ্য। সাধারণত প্রবাহীর (পানি বা অন্য কোনো তরল) সান্দ্রতা, উদক ঢাল ও মৃত্তিকার একক ওজনের উপর ভেদ্যতার মাত্রা নির্ভর করে। মৃত্তিকাকণার আকার ও মৃত্তিকায় কনসলিডেশনের পরিমাণ মৃত্তিকার ভেদ্যতার উপর প্রভাব ফেলে থাকে। মৃত্তিকার ভেদ্যতা প্রবাহীর (পানি বা অন্য তরলের) সান্দ্রতার সাথে উল্টানুপাতিক এবং মৃত্তিকার একক ওজন ও উদক ঢালের সাথে সরাসরি সমানুপাতিক।

Compiled By: Mr. Ratnajit Pial

★কতিপয় সংজ্ঞা★

হাইড্রোলিক হেড, পিজোমেট্রিক হেড ও পজিশন হেড (Hydraulic head, Piezometric head & Position head) ঃ

মৃত্তিকার ভেদ্যতা গুণের জন্য মৃত্তিকার ধারাবাহিক ভয়েডের ভিতর দিয়ে পানি প্রবাহিত হয়। যে শক্তির প্রভাবে এ প্রবাহ সৃষ্টি হয় সে সম্পর্কে জানার জন্য হাইড্রোলিক্স-এর উপর নির্ভর করতে হয় (চিত্র ঃ ৫.১)। চিত্রে L দৈর্ঘ্যের একখণ্ড মৃত্তিকার দু' প্রান্তে দু'টি বিন্দু a ও b, যাদের সংযোজিত পথে প্রবাহের অংশবিশেষ সংগঠিত হয়। a ও b বিন্দুতে পিজোমেট্রিক টিউব স্থাপন করে বিন্দুদ্বয়ে পানির উঠানামা পরিদর্শন করা যায়। b বিন্দুতে স্থাপিত টিউবের পানির পৃষ্ঠতলকে b বিন্দুর পিজোমেট্রিক লেভেল বলা হয়। b বিন্দু হতে b বিন্দুর পিজোমেট্রিক লেভেল পর্যন্ত উচ্চতাকে b বিন্দুর পিজোমেট্রিক হেড (Piezometric head) বলা হয়। a ও b বিন্দুর মধ্যবর্তী উল্লম্ব দূরত্বকে (ΔH) a বিন্দুর আপেক্ষিকতায় b বিন্দুর পজিশন হেড (Position head) বলা হয়। যদি a ও b বিন্দুর পিজোমেট্রিক লেভেল সম-উচ্চতায় থাকে তবে পজিশন হেড (ΔH) হওয়া সত্ত্বেও কোনো প্রবাহ সৃষ্টি হবে না। শুধু a ও b বিন্দুর পিজোমেট্রিক লেভেলের পার্থক্য থাকলেই প্রবাহ সৃষ্টি করবে। a ও b বিন্দুর পিজোমেট্রিক লেভেলের পার্থক্যকে (h) হাইড্রোলিক হেড (Hydraulic head) বলা হয়। হাইড্রোলিক হেডের জন্যই হাইড্রোস্ট্যাটিক প্রেসার (Hydrastatic pressure) সৃষ্টি হয়, যার প্রভাবে প্রবাহ সংঘটিত হয়।



Compiled By: Mr. Ratnajit Pial

★কতিপয় সংজ্ঞা★

নিঃসরণ চাপ (Seepage Pressure) ঃ মাটির ভিতর দিয়ে যখন পানি প্রবাহিত হয়, তখন মাটিতে প্রবাহমুখী বল কাজ করে। এ বলই ড্র্যাগ ফোর্স (Drag force) বা নিঃসরণ বল (Seepage force)। এ বলের প্রভাবে মাটিতে যে চাপের প্রকোপ পড়ে, সে চাপই নিঃসরণ চাপ (Seepage Pressure)।

নিঃসরণ বেগ (Seepage Velocity) ঃ ক্ষরণ বেগ প্রকৃত বেগের সমান নয়। একক সময়ের ক্ষরণকে প্রস্থচ্ছেদের মোট ক্ষেত্রফল দিয়ে ভাগ করলে ক্ষরণ বেগ (Discharge velocity) পাওয়া যায়। যেহেতু মৃত্তিকা নমুনার ভিতর দিয়ে পানি প্রবাহকালে প্রবাহী শুধুমাত্র ভয়েডের ভিতর দিয়ে প্রবাহিত হয়, তাই ভয়েডের ভিতর দিয়ে প্রবাহীর প্রবাহকালে প্রকৃত বেগ ক্ষরণ বেগ অপেক্ষা অধিক হবে।



★কতিপয় সংজ্ঞা★

ইকুয়িপটেনশিয়াল লাইন (Equipotential line) ঃ মৃত্তিকার ভিতর দিয়ে পানি প্রবাহকালে বিশেষ করে উচ্চতলের (উজানের) পানি অভেদ্য প্রতিবন্ধকে বাধাপ্রাপ্ত হলে প্রতিবন্ধকের ভিত্তি নিম্নস্থ প্রবেশ্য স্তরের ভিতর দিয়ে নিম্নতলের (ভাটির) দিকে অসংখ্য মসৃণ বক্রপথে (Smooth curved paths) প্রবাহিত হয়। এ পথকে প্রবাহ রেখা বা চুয়ানো রেখা (Flow line or Seepage line) বলা হয়। বিভিন্ন প্রবাহ রেখার যে-সকল বিন্দুতে সমান পিজোমেট্রিক লেভেল পাওয়া যায়, ঐ সকল বিন্দুর সংযোজিত রেখাকে সমবিভব রেখা বা ইকুয়িপটেনশিয়াল লাইন (Equipotential line) বলা হয়। চুয়ানো রেখা উক্ত রেখাগুলোর সাথে সমকোণে থাকে। চিত্রঃ ৫.৬ক-তে LM একটি ইকুয়িপটেনশিয়াল রেখা এবং AB একটি প্রবাহ রেখা (Flow line)।

ফ্লো-নেট (Flow net) ঃ মৃত্তিকার ভেদ্যতা যদি অপরিবর্তনীয় এবং সর্বদিকে একই থাকে, তবে তত্ত্বগত দিক হতে ইকুয়িপটেনশিয়াল রেখা প্রবাহ রেখার উপর লম্ব হবে। কাজেই উক্ত জ্যামিতিক শর্ত পূরণ করে রেখাদ্বয়ের অবস্থান চিহ্নিত করলে চিত্রটিকে একটি জালির মতো মনে হয়। এ চিত্রকে ফ্লো-নেট (Flow net) বা প্রবাহ জালিকা বলা হয়। চিত্রঃ ৫.৬ক-তে শিট পাইলের নিম্নস্থ পানি প্রবেশ্য স্তরের ফ্লো-নেট দেয়া আছে।

প্রবাহ জালিকার (Flow net) বৈশিষ্ট্যসমূহ ঃ

১। ইকুয়িপটেনশিয়াল লাইন ও ফ্লো-লাইন পরস্পরের সাথে সমকোণে মিলিত হবে।

২। ইকুয়িপটেনশিয়াল লাইন ও ফ্লো-লাইনগুলোর মধ্যবর্তী ক্ষেত্রগুলো প্রায় বর্গাকার হবে এবং প্রত্যেকটি ক্ষেত্রের বাহুগুলোই ক্ষেত্রে অঙ্কিত অন্তঃবৃত্তের স্পর্শক হবে।

৩। প্রবাহ জালিকায় প্রবাহ ক্ষেত্র যত ছোট হবে হাইড্রোলিক গ্রেডিয়েন্ট ও প্রবাহের বেগ তত অধিক হবে এবং প্রবাহ ক্ষেত্র যত বড় হবে হাইড্রোলিক গ্রেডিয়েন্ট ও প্রবাহের বেগ তত কম হবে।

৪৫। সমসত্ত্ব মৃত্তিকার ক্ষেত্রে ইকুয়িপটেনশিয়াল লাইন ও ফ্লো-লাইনের স্পর্শক বিন্দুগুলোতে মসৃণ বাঁক সৃষ্টি করবে।

Compiled By: Mr. Ratnajit Pial

★কতিপয় সংজ্ঞা★

ইকুয়িপটেনশিয়াল লাইন (Equipotential line) ঃ মৃত্তিকার ভিতর দিয়ে পানি প্রবাহকালে বিশেষ করে উচ্চতলের (উজানের) পানি অভেদ্য প্রতিবন্ধকে বাধাপ্রাপ্ত হলে প্রতিবন্ধকের ভিত্তি নিম্নস্থ প্রবেশ্য স্তরের ভিতর দিয়ে নিম্নতলের (ভাটির) দিকে অসংখ্য মসৃণ বক্রপথে (Smooth curved paths) প্রবাহিত হয়। এ পথকে প্রবাহ রেখা বা চুয়ানো রেখা (Flow line or Seepage line) বলা হয়। বিভিন্ন প্রবাহ রেখার যে-সকল বিন্দুতে সমান পিজোমেট্রিক লেভেল পাওয়া যায়, ঐ সকল বিন্দুর সংযোজিত রেখাকে সমবিভব রেখা বা ইকুয়িপটেনশিয়াল লাইন (Equipotential line) বলা হয়। চুয়ানো রেখা উক্ত রেখাগুলোর সাথে সমকোণে থাকে। চিত্রঃ ৫.৬ক-তে LM একটি ইকুয়িপটেনশিয়াল রেখা এবং AB একটি প্রবাহ রেখা (Flow line)।

ফ্লো-নেট (Flow net) ঃ মৃত্তিকার ভেদ্যতা যদি অপরিবর্তনীয় এবং সর্বদিকে একই থাকে, তবে তত্ত্বগত দিক হতে ইকুয়িপটেনশিয়াল রেখা প্রবাহ রেখার উপর লম্ব হবে। কাজেই উক্ত জ্যামিতিক শর্ত পূরণ করে রেখাদ্বয়ের অবস্থান চিহ্নিত করলে চিত্রটিকে একটি জালির মতো মনে হয়। এ চিত্রকে ফ্লো-নেট (Flow net) বা প্রবাহ জালিকা বলা হয়। চিত্রঃ ৫.৬ক-তে শিট পাইলের নিম্নস্থ পানি প্রবেশ্য স্তরের ফ্লো-নেট দেয়া আছে।

প্রবাহ জালিকার (Flow net) বৈশিষ্ট্যসমূহ ঃ

১। ইকুয়িপটেনশিয়াল লাইন ও ফ্লো-লাইন পরস্পরের সাথে সমকোণে মিলিত হবে।

২। ইকুয়িপটেনশিয়াল লাইন ও ফ্লো-লাইনগুলোর মধ্যবর্তী ক্ষেত্রগুলো প্রায় বর্গাকার হবে এবং প্রত্যেকটি ক্ষেত্রের বাহুগুলোই ক্ষেত্রে অঙ্কিত অন্তঃবৃত্তের স্পর্শক হবে।

৩। প্রবাহ জালিকায় প্রবাহ ক্ষেত্র যত ছোট হবে হাইড্রোলিক গ্রেডিয়েন্ট ও প্রবাহের বেগ তত অধিক হবে এবং প্রবাহ ক্ষেত্র যত বড় হবে হাইড্রোলিক গ্রেডিয়েন্ট ও প্রবাহের বেগ তত কম হবে।

৪৫। সমসত্ত্ব মৃত্তিকার ক্ষেত্রে ইকুয়িপটেনশিয়াল লাইন ও ফ্লো-লাইনের স্পর্শক বিন্দুগুলোতে মসৃণ বাঁক সৃষ্টি করবে।

Compiled By: Mr. Ratnajit Pial

★ডার্সির সূত্র★

১৮৫৬ সালে এইচ. ডার্সি পরীক্ষার মাধ্যমে মৃত্তিকায় পানি প্রবাহের উপর একটি সূত্র প্রদান করেন। তিনি পরীক্ষা করে সিদ্ধান্তে উপনীত হন যে, স্বাভাবিক প্রবাহকালে (Laminar flow) পরিপৃক্ত মৃত্তিকায় প্রবাহের হার বা একক সময়ে ক্ষরণের (discharge) পরিমাণ হাইড্রোলিক গ্রেডিয়েন্টের সাথে সমানুপাতিক। অর্থাৎ, $q = kiA$.

এখানে, q = একক সময়ে ক্ষরণ

A = প্রবাহ দিকের আড়াআড়ি প্রস্থচ্ছেদের মোট ক্ষেত্রফল

i = হাইড্রোলিক গ্রেডিয়েন্ট $\left[\left(\frac{h}{L}\right)\right.$ চিত্র ঃ ৫.১$\left.\right]$

k = ডার্সির ভেদ্যতা গুণাঙ্ক।

উক্ত সূত্র হতে প্রবাহের বেগ v-ও নির্ণয় করা যায়।

প্রবাহের বেগ, $v = \frac{q}{A} = ki$

যদি উদক ঢাল (Hydraulic gradient) একক $\left(\frac{h}{L} = i = 1\right)$ হয়, তবে ভেদ্যতার সহগ বা গুণাঙ্ক প্রবাহের বেগের সমান $(v = k)$ হবে। অর্থাৎ, একক উদক ঢালে প্রবাহের বেগকেই ভেদ্যতার সহগ (Coefficient of permeability) বলা হয়। k-এর একক, বেগের এককের অনুরূপ। সাধারণত k-এর একক সেমি/সেকেন্ড বা মিটার/দিন-এ প্রকাশ করা হয়।

বৃহৎ আকারের বোল্ডার, গ্রাভেল বা মোটা বালির ভিতর দিয়ে তরলের প্রবাহ টারবুলেন্ট হলে এবং অতিসূক্ষ্ম কণার কাদা বা কলোয়ডা কণায় গঠিত মাটির ভিতর দিয়ে তরলের প্রবাহের হার অতি ক্ষীণ হলে 'ডার্সির সূত্র' অকার্যকর (Valid) নয়।

Compiled By: Mr. Ratnajit Pial

★ভেরিয়েবল হেড ভেদ্যতা পরীক্ষা★

ভেরিয়েবল হেড ভেদ্যতা পরীক্ষা ঃ এ পরীক্ষাটি সূক্ষ্মদানার মৃত্তিকার ক্ষেত্রে করা হয়। কেননা এটিতে ক্ষরণ কম হয়। চিত্র ঃ ৫.২(খ)-তে ভেরিয়েবল হেড ভেদ্যতা পরীক্ষার চিত্র প্রদর্শিত হলো। এটিতে ব্যবহৃত স্ট্যান্ড পাইপটির (Stand pipe) প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল 'a', যার পরিমাণ পূর্বেই জানা থাকে। উক্ত পারমিয়্যামিটারের স্ট্যান্ড পাইপের ভিতর দিয়ে পানি প্রবাহিত হওয়া আরম্ভ হলে স্ট্যান্ড পাইপের পানির তল নিচের দিকে নামতে থাকে। যখন প্রবাহ স্থির অবস্থায় থাকে, তখন হতে অবজারভেশন আরম্ভ করতে হয়। ধরি, t_1 সময়ে হাইড্রোলিক হেড (বটম ট্যাংক ও স্ট্যান্ড পাইপের পানিতলের উচ্চতার পার্থক্য) h_1 এবং t_2 সময়ে হাইড্রোলিক হেড h_2 (t_1 প্রথম পর্যবেক্ষণের সময়, t_2 পরবর্তী পর্যবেক্ষণের সময়, অতএব $t_2 > t_1$)। ধরে নিই উক্ত পর্যবেক্ষণের dt সময়ে $-dh$ পরিমাণ হেডের পরিবর্তন হলো এবং এ সময় হাইড্রোলিক হেড ছিল h_1 ($-dh$ হওয়ার কারণ সময় অতিক্রান্ত হতে থাকলে হাইড্রোলিক হেড হ্রাস পায়), নমুনা মৃত্তিকার দৈর্ঘ্য L ।

এখন ডার্সির সূত্র অনুসারে,

$$q = \frac{-dh.a}{dt} = kiA.$$

বা, $k.\frac{h}{L}.A = -\frac{dh.a}{dt}$ $\quad [\because i = \frac{h}{L}]$

$\therefore \frac{Ak}{aL}\,dt = -\frac{dh}{h}$

এখন দু' সময় সীমার মাঝে ইন্টিগ্রেশন করলে

$$\frac{Ak}{aL}\int_{t_1}^{t_2} dt = -\int_{h_1}^{h_2}\frac{dh}{h} = \int_{h_2}^{h_1}\frac{dh}{h}$$

বা, $\frac{Ak}{aL}(t_2 - t_1) = \log_e \frac{h_1}{h_2}$

দুই পর্যবেক্ষণের মধ্যবর্তী সময় $(t_2 - t_1) = t$

$\therefore \frac{Ak}{aL}.t = \log_e \frac{h_1}{h_2}$

এখন $k = \frac{aL}{At}\log_e \frac{h_1}{h_2} = 2.3\left(\frac{aL}{At}\log_{10}\frac{h_1}{h_2}\right)$



চিত্র ঃ ভেরিয়েবল হেড ভেদ্যতা টেস্ট

Compiled By: Mr. Ratnajit Pial

★কার্যকরি চাপ এবং ছিদ্রস্থিত পানির চাপ★

ভূনিম্নস্থ কোনো তলের উপর মৃত্তিকা ও পানির অবস্থানের কারণে যে চাপ পড়ে, তা-ই মোট চাপ। মোট চাপ মূলত কার্যকরী চাপ ও ছিদ্রস্থিত পানির চাপের সমষ্টির সমান। ছিদ্রস্থিত পানির চাপ নমুনা মৃত্তিকার অভ্যন্তরস্থ পানি ও কঠিনাংশের উপর সমান তীব্রতায় সর্বদিকে কাজ করে। এ চাপকে U_w দ্বারা প্রকাশ করা হয়। কার্যকরী চাপ মূলত একটি অতিরিক্ত চাপ। এটি শুধুমাত্র নমুনা মৃত্তিকার কণাগুলোর স্পর্শ বিন্দুগুলোতে (Points of Contact) কাজ করে। এ চাপকে $\bar{P}$ বা $\bar{\sigma}$ দ্বারা সূচিত করা হয়। কার্যকরী চাপ গবেষণাগারে সরাসরি মাপা যায় না। মোট চাপ (P) ও ছিদ্রস্থিত পানির চাপ (U_w) হতে এর মান নির্ণয় করা যায়। তাই কার্যকরী চাপ ($\bar{P}$ বা $\bar{\sigma}$) একটি গাণিতিক ধারণা।

কাজেই মোট চাপ, $P = \bar{P} + U_w$ ..... (5.1)

এবং কার্যকরী চাপ, $\bar{P}$ বা $\bar{\sigma} = P - U_w$ ..... (5.1ক)



Compiled By: Mr. Ratnajit Pial

★কার্যকরি চাপ এবং ছিদ্রস্থিত পানির চাপ★

অভিজ্ঞতার ভিত্তিতে দেখা যায় যে, শুধুমাত্র কার্যকরী চাপই মৃত্তিকা নমুনার আয়তন পরিবর্তন করতে পারে। এটির ফলে মৃত্তিকায় ঘর্ষণ প্রতিরোধিতা সৃষ্টি হয়। অপরদিকে, ছিদ্রস্থিত পানির চাপ মৃত্তিকা নমুনার আয়তনের পরিবর্তন বা ঘর্ষণ প্রতিরোধিতা সৃষ্টি করতে পারে না। আয়তনের পরিবর্তন করা ও ঘর্ষণ প্রতিরোধিতা সৃষ্টি করাই কার্যকরী চাপের মূলতত্ত্ব। চিত্রঃ ৫.৪-এ একটি কন্টেইনারে কিছু পরিমাণ দানাদার মৃত্তিকা নিয়ে এটিকে পানিতে পূর্ণ করা হলো এবং এটির তলায় একটি নমনীয় নল লাগিয়ে একটি পানি পাত্রের সাথে সংযোগ দেয়া হলো। চিত্রঃ ৫.৪(ক)-তে পানি পাত্রের পানি সমতা ও কন্টেইনারের পানি সমতা একই তলে রাখা হলো। তাই এক্ষেত্রে কোনোরূপ প্রবাহ সৃষ্টি হবে না। কন্টেইনারের উপরিতল হতে ab তলের গভীরতা $(H_1 + Z)$।

অতএব, উল্লম্ব চাপের পরিমাণ, $P = H_1\gamma_w + Z.\gamma_{sat}$ ..... (5.2)

এখানে, γ_w পানির একক ওজন এবং γ_{sat} সম্পৃক্ত মৃত্তিকার একক ওজন। যেহেতু উপরস্থ পানি ও মৃত্তিকার ওজনের উপর P-এর মান নির্ভর করে, কাজেই উক্ত P-ই মোট চাপ। উক্ত মোট চাপ, কার্যকরী চাপ $(\bar{P})$ ও ছিদ্রস্থিত পানির চাপের (U_w) সমষ্টির সমান। ab তলের উপর Z উচ্চতায় মৃত্তিকার ধারাবাহিক ভয়েডের পানি ও এটির উপরের H_1 উচ্চতার পানি একই পানির স্তম্ভের ন্যায় অবস্থান করে। কাজেই হাইড্রোলিক্সের সূত্রানুসারে—

ab তলে ছিদ্রস্থিত পানির চাপ, $U_w = (H_1 + Z)\gamma_w$ ..... (5.3)

এখন কার্যকরী চাপ, $\bar{P} = P - U_w$

$= H_1\gamma_w + Z\gamma_{sat} - (H_1 + Z)\gamma_w$

$\therefore \bar{P} = Z(\gamma_{sat} - \gamma_w)$ ..... (5.4)

$\gamma_{sat} - \gamma_w$ নিমজ্জিত একক ওজন γ'-এর সমান।

$\therefore \bar{P} = Z\gamma'$ ..... (5.5)

এতে বুঝা যায় যে, নিমজ্জিত মৃত্তিকার উপরের পানির গভীরতার (H_1) উপর কার্যকরী চাপের পরিমাণ নির্ভর করে না।

Compiled By: Mr. Ratnajit Pial

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-১৬। একটি কাদামাটির স্তরের উপর 5.5m পুরুত্বের বালি মাটির স্তর আছে। বালি মাটির উপরিতল হতে 2.5m নিচে পানিতল আছে। $e = 0.52$, $S_r = 37\%$, $\omega = 42\%$ এবং $G = 2.65$ হলে ভূমিতল হতে 9.6m গভীরতায় মোট চাপ, ছিদ্রস্থিত পানির চাপ ও কার্যকরী চাপ নির্ণয় কর। [বাকাশিবো-২০১১]

সমাধান:

আয়তনিক একক ওজন, $\gamma = \frac{(G + S_r.e)\,\gamma_w}{1 + e} = \frac{(2.65 + 0.37 \times 0.52) \times 1000}{1 + 0.52}$

$= 1870 \text{ kg/m}^3$

সম্পৃক্ত অবস্থায় (পানিতলের নিচে $S_r = 100\%$)

$$\gamma = \frac{(G + S_r.e)\gamma_w}{1 + e}$$

$$\gamma = \frac{(2.65 + 1 \times 0.52)\,1000}{1 + 0.52} = 2085.53 \text{ kg/m}^3$$

যখন পানিতল ভূমিতল হতে 2.5m নিচে তখন 9.6m গভীরতায়–

মোট চাপ $= 1870 \times 2.5 + 2085.53\,(9.6 - 2.5)$

$= 19482.26 \text{ kg/m}^2$ **(উত্তর)**

ছিদ্রস্থিত পানির চাপ, $U = (9.6 - 2.5)\,1000 = 7100 \text{ kg/m}^2$ **(উত্তর)**

কার্যকরী চাপ, $\bar{\sigma} = 19482.26 - 7100 = 12382.26 \text{ kg/m}^2$ **(উত্তর)**

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-১৭। পরীক্ষাগারে ভেদ্যতা পরীক্ষণকালে 10mm একটি খাড়া পাইপের পানির উচ্চতা 40cm হতে কমে 25cm হলো। যদি নমুনার উচ্চতা 10cm, ব্যাস 5cm এবং খাড়া পাইপের প্রস্থচ্ছেদীয় ক্ষেত্রফল $0.5cm^2$ হয়, তবে ভেদ্যতা সহগ নির্ণয় কর।

[বাকাশিবো-২০০২, ০৯, ১০, ১৪]

সমাধান:

আমরা জানি, ভেদ্যতা সহগ, $k = \frac{2.3\ aL}{At} \log_{10}\left(\frac{h_1}{h_2}\right)$

$= \frac{2.3 \times 0.5}{19.635 \times 600} \times \log_{10}\left(\frac{40}{25}\right)$

$= 1.99 \times 10^{-5}$ cm/sec. **(উত্তর)**

দেয়া আছে,

$h_1 = 40cm$
$h_2 = 25cm$
$L = 10cm$
$t = 10 \times 60$
$= 600$ sec.
$A = 0.7854 \times 5^2$
$= 19.635cm^2$
$a = 0.5cm^2$
$k = ?$

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-২০। গোলাকৃতি সমমাত্রার কণাবিশিষ্ট কোনো বালি নমুনার কার্যকরী আকার 0.35mm হলে k-এর মান নির্ণয় কর।
[বাকাশিবো-২০০৪, ০৫, ১৪]

সমাধান:

অ্যালেন হেজেন-এর সূত্র, $k = CD^2_{10}$ অনুযায়ী,

ভেদ্যতার সহগ, $k = 100 \times (0.035)^2$

$= 0.1225$ cm/sec. **(উত্তর)**

দেয়া আছে,
$C = 100$
$D_{10} = 0.35mm$
$= 0.035cm$
$k = ?$

উদাহরণ-২১। মৃত্তিকা লগের চিত্র হতে 30 মিটার গভীরে কার্যকরী চাপের মান বের কর ঃ [বাকাশিবো-২০০৪, ১২]

(ক) যখন পানিতল ভূমি সমতলে থাকে।

(খ) নিষ্কাশনের সাহায্যে পানির তল যখন 10 মিটার নিচে নামানো হয় এবং সম্পৃক্ততার মাত্রা 30%.



সমাধান:

(ক) যখন পানিতল ভূমি সমতলে তখন 20 মিটার গভীরে—

কার্যকরী চাপ, $\bar{P} = 20 \times 2150 + 10 \times 2000 - 30 \times 1000 = 33000$ kg/m² **(উত্তর)**

(খ) পানির তল যখন ভূমিতলের 10m নিচে—

এ অবস্থায় উপরের 10m এর জন্য বালির আর্দ্র ওজন $= 1950 + 0.3\,(2150 - 1950) = 2010$ kg/m³

এক্ষেত্রে, কার্যকরী চাপ, $\bar{P} = 10 \times 2010 + 10 \times 2150 + 10 \times 2000 - 20 \times 1000 = 41{,}600$ kg/m² **(উত্তর)**

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-৪১। ফলিং হেড পারমিয়্যাবিলিটি পরীক্ষা 20cm দীর্ঘ এবং 12cm ব্যাসের নমুনার ভেতর দিয়ে 195 sec.-এ হেড 60cm থেকে 35cm-এ নেমে আসে। খাড়া পাইপের ব্যাস 1.75cm হলে ভেদ্যতা সহগ কত? [বাকাশিবো-২০২০]

সমাধান:

আমরা জানি, ভেদ্যতা সহগ, $k = 2.3\frac{aL}{At}\log_{10}\frac{h_1}{h_2}$

$= 2.3 \times \frac{2.40 \times 20}{113.04 \times 195}\log_{10}\frac{60}{35}$

$= 1.17 \times 10^{-3}$ cm/sec. (উত্তর)

দেওয়া আছে,

$L = 20cm$

$A = 0.785 \times 12^2 = 113.04cm^2$

$a = 0.785 \times 1.75^2 = 2.40cm^2$

$h_1 = 60cm$

$h_2 = 35cm$

$t = 195$ sec.

$k = ?$

Compiled By: Mr. Ratnajit Pial

অধ্যায়-৬

মৃত্তিকার কনসলিডেশন ও কম্প্যাকশন

এ অধ্যায়ের উল্লেখযোগ্য বিষয়সমূহঃ

১. কতিপয় সংজ্ঞা

২. কনসলিডেশনের শ্রেণিবিন্যাস

৩. কম্প্যাকশনের উদ্দেশ্য

৪. আর্দশ প্রোক্টর টেস্ট ও মডিফাইড প্রোক্টর টেস্টের মধ্যে পার্থক্য

৫. মৃত্তিকার কনসলিডেশন ও কম্প্যাকশনের মধ্যে পার্থক্য

৬. গাণিতিক সমস্যাবলি

Compiled By: Mr. Ratnajit Pial

★কতিপয় সংজ্ঞা★

কনসলিডেশন (Consolidation) ঃ মৃত্তিকায় চাপ প্রয়োগ করলে এর আয়তন হ্রাস পায়। যে ধর্মের জন্য চাপা বলের প্রভাবে মৃত্তিকার আয়তন হ্রাস পায়, তাকে মৃত্তিকার কম্প্রেসিবিলিটি (Compresibility of soil) বলা হয়। সম্পূর্ণ সম্পৃক্ত মৃত্তিকায় স্থির নিশ্চল চাপা বলের ফলে মৃত্তিকার সংনমনকেই কনসলিডেশন (Consolidation) বলা হয়। ভয়েড হতে পানি নিঃসরণের মাধ্যমেই এটি ঘটে থাকে। এটা অনেকটা সম্পৃক্ত স্পঞ্জ হতে চাপ প্রয়োগে পানি নিঃসরণ করার মতো। স্বনামধন্য মৃত্তিকা বিজ্ঞানী টারজাগির মতে, সম্পৃক্ত মৃত্তিকায় পানির মাত্রা হ্রাস করে কিন্তু হ্রাসকৃত আয়তন বায়ু দখল করে নেয় না, এরূপ সকল ক্রিয়াই কনসলিডেশন প্রক্রিয়ার অন্তর্ভুক্ত। এ প্রক্রিয়ার বিপরীত প্রক্রিয়াই সোয়েলিং (Swelling), যাতে ভয়েডের পরিমাণ বৃদ্ধির সাথে সাথে পুরো ভয়েড পানিতে পূর্ণ হয়।

কনসলিডেশনের ফলে মৃত্তিকার কণাগুলো গড়িয়ে বা স্থানচ্যুত হয়ে পরস্পরের গভীর সান্নিধ্যে আসে। ফলে পানির নিঃসরণ ঘটে এবং আয়তনে হ্রাস পায়। কোনো নির্মাণকাঠামোর ভিত্তিতলের মৃত্তিকার আয়তন হ্রাস পেলে অর্থাৎ নির্মাণকাঠামোর ভিত্তিতলের মৃত্তিকায় সংনমন ঘটলে নির্মাণকাঠামো দেবে যায়। তাই নির্মাণকাঠামো দেবে যাওয়ার পূর্বাভাস দেয়া ও নির্মাণপূর্ব সতর্কতার জন্য মৃত্তিকার কনসলিডেশনের জ্ঞান থাকা অপরিহার্য।

কম্প্যাকশন (Compaction) ঃ রোলিং বা দুরমুশ করার ন্যায় অস্থির সচল চাপা বলের প্রয়োগের ফলে মৃত্তিকার ভয়েডের বায়ুর নির্গমন ঘটে, আয়তন হ্রাস পায় বা মৃত্তিকা দৃঢ়াবদ্ধ হয়। এটাকে সয়েল কম্প্যাকশন (Soil Compaction) বলা হয়। মাটির কম্প্যাকশন বৈশিষ্টাদির উন্নয়নে মাটির সাথে অন্যান্য যে-সকল সামগ্রী মেশানো হয়, সে সকল সামগ্রীকে মাটির কম্প্যাকশন অ্যাডমিক্সচার (Compection admixture of soil) বলা হয়। সচরাচর লাইম, সিমেন্ট ও বিটুমিন মাটির কম্প্যাকশন অ্যাডমিক্সচার হিসাবে ব্যবহৃত হয়।

Compiled By: Mr. Ratnajit Pial

★কনসলিডেশনের শ্রেণিবিন্যাস★

নিচের তিনটি কারণের এক বা একাধিক কারণে মৃত্তিকা সংনমিত (Compression of soil) হয়, যথা–

(ক) ভয়েডের (void) মৃত্তিকাকণা ও পানির সংনমনের ফলে

(খ) ভয়েডের বাতাসের সংনমন ও পানি নির্গত হওয়ার ফলে

(গ) ভয়েড হতে পানির নিঃসরণ হওয়ার ফলে।

প্রথমোক্তটির জন্য সংনমনের মাত্রা একেবারেই নগণ্য বিধায় মৃত্তিকা প্রযুক্তিবিদ্যায় এর ভূমিকা নেই বললেই চলে। আর শুধুমাত্র আংশিক সম্পৃক্ত মৃত্তিকার ক্ষেত্রেই দ্বিতীয় কারণটি পরিলক্ষিত হয়। বাতাসের সংনমন মাত্রা খুবই বেশি এবং চাপ প্রয়োগের সাথে সাথে এটি ঘটে থাকে। ফলত সম্পৃক্ত মৃক্তিকার ক্ষেত্রে দ্বিতীয় কারণটি ঘটার কোনো সম্ভাবনাই নেই। যখন মৃত্তিকা সম্পূর্ণরূপে সম্পৃক্ত তখনই শুধুমাত্র তৃতীয় কারণটি ঘটতে পারে।

কনসলিডেশনকে তিন শ্রেণিতে ভাগ করা যায়; যথা–

(ক) প্রারম্ভিক কনসলিডেশন,

(খ) প্রাথমিক কনসলিডেশন ও

(গ) মাধ্যমিক কনসলিডেশন।

★কম্প্যাকশনের উদ্দেশ্য★

নিচে কম্প্যাকশনের উদ্দেশ্য দেয়া হলো–

১। কম্প্যাকশনে দ্রুত যান্ত্রিক প্রক্রিয়ায় যেমন– দুরমুশ, রোলিং, টেম্পিং, ডাইব্রেটিং ইত্যাদির মাধ্যমে আয়তনের হ্রাস ঘটানোর জন্য।

২। আংশিক সম্পৃক্ত মৃত্তিকা হতে বায়ু অপসারণের মাধ্যমে আয়তন হ্রাস করার জন্য।

৩। মাটির ভারবহন ক্ষমতা বৃদ্ধি করার জন্য কম্প্যাকশন করা হয়।

৪। কৃত্রিমভাবে মৃত্তিকার ঘনত্ব ও অন্যান্য গুণাবলি উন্নয়নের জন্য।

৫। পানির নিঃসরণে আয়তন হ্রাস করার জন্য।

Compiled By: Mr. Ratnajit Pial

★আর্দশ প্রোক্টর টেস্ট ও মডিফাইড প্রোক্টর টেস্টের মধ্যে পার্থক্য★

আদর্শ প্রোক্টর টেস্ট ও মডিফাইড প্রোক্টর টেস্টের মাঝে পার্থক্য ঃ

পার্থক্যের বিষয়	আদর্শ প্রোক্টর টেস্ট	মডিফাইড প্রোক্টর টেস্ট
১। উদ্দেশ্য	১। গবেষণাগারে কার্যক্ষেত্রের নমুনা মৃত্তিকা সর্বোচ্চ ঘনত্বে জলীয়াংশের পরিমাণ সম্পর্কে জানা।	১। কার্যক্ষেত্রের পরিস্থিতে অত্যধিক ভারী রোলারে রোলিং-এ গবেষণাগারে কার্যক্ষেত্রের নমুনা মাটির সর্বোচ্চ ঘনত্বে জলীয়াংশের পরিমাণ সম্পর্কে জানা।
২। ব্যবহৃত র‍্যামারের ওজন	২। 2.5 kg	২। 4.89 kg
৩। র‍্যামারের পতন উচ্চতা	৩। 30.5 cm	৩। 45 cm
৪। মোল্ডে নমুনা মাটি পূর্ণ করা হয়	৪। 3 স্তরে	৪। 5 স্তরে
৫। কম্প্যাকটিভ এফ্রোট	৫। 1 গুণ	৫। 4.55 গুণ
৬। অঙ্কিত শুষ্ক একক ওজন ও জলীয়াংশের সম্পর্কের কার্ভের অবস্থান	৬। নিচে-ডানে	৬। উপরে-বামে
৭। যান্ত্রিক প্রক্রিয়ায় কম্প্যাকশনে ব্যবহৃত র‍্যামার	৭। ভারী	৭। অধিক ভারী

Compiled By: Mr. Ratnajit Pial

★মৃত্তিকার কনসলিডেশন ও কম্প্যাকশনের মধ্যে পার্থক্য★

যদিও কনসলিডেশন ও কম্প্যাকশন উভয়ই মৃত্তিকার আয়তন হ্রাস করে কিন্তু উভয় সম্পূর্ণ ভিন্ন ধরনের প্রক্রিয়া। নিচে এদের পার্থক্য দেয়া হলো—

১। কনসলিডেশন একটি নিয়মিত ও মন্থর প্রক্রিয়া যাতে নিশ্চল চাপা বল প্রয়োগের মাধ্যমে আয়তন হ্রাস করা হয়। পক্ষান্তরে, কম্প্যাকশনে দ্রুত যান্ত্রিক প্রক্রিয়ার, যেমন— দুরমুশ, রোলিং, টেম্পিং, ভাইব্রেটিং ইত্যাদির মাধ্যমে আয়তনের হ্রাস ঘটানো হয়।

২। কনসলিডেশনের মাধ্যমে সম্পূর্ণ সম্পৃক্ত মৃত্তিকা হতে পেষণের মাধ্যমে পানি অপসারণ করে আয়তনের হ্রাস ঘটানো হয়। পক্ষান্তরে, আংশিক সম্পৃক্ত মৃত্তিকা হতে বায়ুর অপসারণের মাধ্যমে আয়তনের হ্রাস ঘটিয়ে কম্প্যাকশন করা হয়। এতে নির্দিষ্ট নমুনা মৃত্তিকার পানি ধারণের কোনোরূপ ব্যতিক্রম ঘটে না।

৩। নিচে চিত্রের মাধ্যমে কনসলিডেশন ও কম্প্যাকশনের পার্থক্য দেখানো হলো—



চিত্র ঃ ৬.৫

৪। নির্মাণকাঠামো ইত্যাদির নিশ্চল ওজনে প্রকৃতিতে স্বাভাবিক নিয়মে সম্পৃক্ত মৃত্তিকায় কনসলিডেশন ঘটে থাকে। পক্ষান্তরে, কৃত্রিমভাবে মৃত্তিকার ঘনত্ব ও অন্যান্য গুণাবলির উন্নয়নে কম্প্যাকশন করা হয়।

৫। সংসক্তিপ্রবণ মাটির ক্ষেত্রে কনসলিডেশন প্রক্রিয়ার প্রয়োগ অধিকতর পক্ষান্তরে অসংসক্তি ও সংসক্তি প্রবণ মাটির ক্ষেত্রে কম্প্যাকশন প্রক্রিয়া প্রয়োগ করা হয়।

৬। কম্প্যাকশনে বাতাস বহির্গমনে আয়তনহ্রাস পায়, পক্ষান্তরে কনসলিডেশনে পানির নিঃসরণ আয়তনেহ্রাস পায়।

Compiled By: Mr. Ratnajit Pial

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-১। 8 মিটার পুরু সাধারণভাবে চাপিত একটি কাদামাটির মধ্যবিন্দুতে কার্যকরী চাপ 200 কিলোনিউটন/বর্গমিটার এবং ভয়েড রেশিও 0.53। 0.20 কিলোনিউটন/বর্গমিটার হারে চাপ বর্ধিত করলে প্রাথমিক কনসলিডেশনের শেষে নমুনাটির বসে যাওয়ার পরিমাণ নির্ণয় কর। নমুনাটির লিকুইড লিমিট 38% বিবেচনা কর। [বাকাশিবো-১৯৯৯]

সমাধান: এখানে সংনমন সূচক, $C_C = 0.009\ (\omega_L - 10)$

$= 0.009\ (38 - 10) = 0.252$

আমরা জানি, বসে যাওয়ার পরিমাণ, $S = \frac{H}{1 + e_o} \cdot C_C \cdot \log_{10} \frac{P_o + \Delta P}{P_0} = \frac{8}{1 + 0.53} \times 0.252 \cdot \log_{10} \frac{200 + 0.20}{200}$

$= 0.0006$ মিটার $= 0.06$ সেমি **(উত্তর)**

উদাহরণ-২০। একটি মাটির নমুনার শুষ্ক ঘনত্ব মাঠে ও ল্যাবে যথাক্রমে $1.73 kg/cm^3$ ও $1.85 kg/cm^3$ হলে নমুনাটির কম্প্যাকশন কত? [বাকাশিবো-২০২০]

সমাধান:

আমরা জানি, কম্প্যাকশনের হার (%) $= \frac{\gamma_{d\,(F)}}{\gamma_{d\,(L)}} \times 100$

$= \frac{1.73}{1.85} \times 100$

$= 93.5\%$ **(উত্তর)**

দেওয়া আছে,

মাঠের প্রাপ্ত ঘনত্ব, $\gamma_{d\,(F)} = 1.73 kg/cm^2$

গবেষণাগারে প্রাপ্ত ঘনত্ব, $\gamma_{d\,(L)} = 1.85 kg/cm^2$

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-২। একটি সম্পৃক্ত কাদামাটির নমুনার ক্ষেত্রে 100 কিলোনিউটন/বর্গমিটার (kN/m^2) আদি চাপে ভয়েড রেশিও 0.95 এবং 200 কিলোনিউটন/বর্গমিটার (kN/m^2) চূড়ান্ত চাপে ভয়েড রেশিও 0.85 হলে নমুনাটির সংনমন সূচক নির্ণয় কর। নমুনাটির তারল্য সীমা 38% হলে সংনমন সূচক কত হবে? [বাকাশিবো-২০০০]

সমাধান: আমরা জানি,

সংনমন সূচক, $C_C = \frac{e_0 - e_1}{\log_{10}\frac{p_1}{p_0}} = \frac{0.95 - 0.85}{\log_{10}\frac{200}{100}} = 0.332$ **(উত্তর)**

যদি তারল্য সীমা 38% হয় তবে–

$C_C = 0.009\,(\omega_L - 10)$

$= 0.009\,(38 - 10) = 0.252$ **(উত্তর)**

উদাহরণ-৩। 5m পুরু সাধারণভাবে চাপিত একটি কাদামাটির কার্যকরী চাপ 10,000 kg/m^2 এবং ভয়েড রেশিও 0.55। 20kg/m^2 হারে চাপ বর্ধিত করলে নমুনাটির সংগমন সূচক 0.35 হলে প্রাথমিক কনসলিডেশন শেষে নমুনাটির বসন নির্ণয় কর। [বাকাশিবো-২০১২, ১৪]

সমাধান: আমরা জানি,

বসন (Settlement), $S = \frac{H}{1 + e_0} \cdot C_C \cdot \log_{10}\frac{P_0 + \Delta P}{P_0}$

$= \frac{5}{1 + 0.55} \times 0.35 \times \log_{10}\frac{10,000 + 20}{10,000} = 0.00098$ মিটার

$= 0.098$ সেমি **(উত্তর)**

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-১৫। একটি সম্পৃক্ত মাটির চাপ সূচক 0.28, 12 kN/m^2 পীড়নে ভয়েড রেশিও 2.05 এবং ভেদ্যতা সহগ 3.5×10^{-7} nm/sec.। যদি পীড়ন 21.6 kN/m^2 বৃদ্ধি করা হয়, তবে ভয়েড রেশিও এবং বসন কত? [বাকাশিবো-২০১৬]

সমাধান: আমরা জানি,

চাপ সূচক, $C_c = \dfrac{e_0 - e_1}{\log_{10}\dfrac{P_1}{P_0}}$

বা, $0.28 = \dfrac{2.05 - e_1}{\log_{10}\dfrac{33.6}{12}}$

বা, $e_1 = 1.925$

∴ ভয়েড রেশিও = 1.925 (উত্তর)

বসন, $S = \dfrac{H}{1 + E_0} \cdot C_c \cdot \log_{10}\dfrac{P_1}{P_0}$

ধরে নিই, H = 1 একক পুরুত্ব

$= \dfrac{1}{1 + 2.05} \times 0.28 \times \log_{10}\dfrac{33.6}{12}$

= 0.041 একক/একক পুরুত্ব (উত্তর)

দেওয়া আছে,

$P_0 = 12\ kN/m^2$

$P_1 = P_0 + \Delta P$

$= 12 + 21.6$

$= 33.6\ kN/m^2$

$C_c = 0.28$

$e_o = 2.05$

$e_1 = ?$ এবং $S = ?$

★গাণিতিক সমস্যাবলি★

উদাহরণ-১৬। 8m পুরু সাধারণভাবে চাপিত একটি কাদামাটির মধ্যবিন্দুতে কার্যকরী চাপ $200kN/m^2$ এবং ভয়েড রেশিও $0.50/0.25kN/m^2$ হারে চাপ বর্ধিত করলে প্রাথমিক কনসলিডেশন শেষে নমুনাটির বসে যাওয়ার পরিমাণ নির্ণয় কর। নমুনার লিকুইড লিমিট 35% বিবেচনা কর। [বাকাশিবো-২০১৩]

সমাধান:

আমরা জানি,

বসনের পরিমাণ, $S = \frac{H}{1+e_0} \times C_c \times \log_{10} \frac{P_0 + \Delta P}{P_0}$

$= \frac{8}{1+0.50} \times 0.20 \times \log_{10} \frac{200 + 0.25}{200}$

$= 5.786 \times 10^{-4}$ মিটার

$= 0.578$ মিলিমিটার (উত্তর)

দেওয়া আছে,

$\omega_L = 35\%$

$\Delta P = 0.25kN/m^2$

$P_0 = 200\ kN/m^2$

$e_0 = 0.50$

$H = 8m$

$C_c = 0.008\ (\omega_L - 10)$

$= 0.008\ (35 - 10)$

$= 0.20$

$S = ?$

Compiled By: Mr. Ratnajit Pial